করোনা করবে না করুণা
প্রতিকারের চেয়ে প্রতিরোধ ভালো
ঘরে থাকুন, সুস্থ থাকুন
AB

৫৬ বছরের ঐতিহ্যবাহী সাপ্তাহিক পত্রিকা

# আলিপুর বার্তা

চালু হল
আলিপুর বার্তার
নতুন নিউজ পোর্টাল
দেখুন ওয়েবসাইটে

কলকাতা ঃ ৫৬ বর্ষ, ১৩ সংখ্যা, ৮ মাঘ – ১৪ মাঘ, ১৪২৮ ঃ ২২ জানুয়ারি – ২৮ জানুয়ারি, ২০২২

Kolkata : 56 year : Vol No.: 56, Issue No. 13, 22 January - 28 January, 2022 ৮ পাতা, মূল্য ৩ টাকা


# বিবাদে বঞ্চনা, আমাদের ক্ষমা করো সুভাষ

নেতাজি সুভাষচন্দ্র বসুর জন্মদিন প্রত্যেকবারই এক আবেগ নিয়ে আপামর বাঙালির কাছে পরিবেশিত হয়। বছর যায় দিন যায় ২৩ জানুয়ারি আসে। কিন্তু হতভাগ্য বাঙালি তাদের প্রিয় মানুষ তথা দেশনায়ককে যোগ্য সম্মান দিতে পারে না। নানা মিথ্যা অপবাদে তাঁকে কলুষিত করে রেখেছে কিছু রাজনৈতিক মানুষ এবং তাঁর পরিবারের সদস্যরা। সকলের কাছেই নেতাজির আদর্শকে পৌঁছে দেওয়ার কথা বড় বড় ভাষণে উঠে আসে। কিন্তু নেতাজিকে নিজের পরিবারের সদস্যের মতোন তাঁকে কলুষতা থেকে মুক্তি দিতে হাতে হাত ধরে সংঘবদ্ধ আন্দোলনের পথে কেউ হাঁটে না। উল্লেখ্য নিজের পরিবারের কোনও সদস্য কলুষিত হন তাহলে সেই পরিবার আইনত বা অন্যান্য পন্থাতেও নিজের পরিবারকে কলুষ মুক্ত করবার জন্য এগিয়ে যায়। কিন্তু অবাক ব্যাপার নেতাজিকে যোগ্য সম্মান দিতে আমরা অপারগ। বহু দিন ধরেই বহু সংস্থা, বহু নেতাজি গবেষক ও বহু নেতাজি অনুরাগীরা কিছুটা হলেও সরব থাকেন বলে যথেষ্ঠ নোংরামি করতে বিরত থাকেন কুচক্রীরা। তেমনই বারবার এইসব সত্য ঘটনাকে আমরা পত্রিকার মাধ্যমে তুলে ধরেছি মানুষের কাছে বহুদিন ধরে। সেই সুবাদেই বহুদিন ধরে মানুষের কাছে সত্য পৌঁছে গিয়েছে। ১২৬তম বর্ষে নেতাজিকে শ্রদ্ধা জানাতে মানুষের কাছে সত্য তুলে ধরতে আবার কিছু জিনিস তুলে ধরা হচ্ছে এছাড়াও দুটি পাতা তাঁরই উদ্দেশ্যে সমর্পণ হয়েছে। তাঁর লেখা এবং তাঁকে নিয়ে লেখা এই সংখ্যায় বিদ্যমান। সব শেষে তাঁর কাছে একটাই প্রার্থনা। ''ক্ষমা করো সুভাষ''।

## দিনগুলি মোর...

সাত দিন, সাত সকাল। গত সাতটা দিন কোন কোন খবর আমাদের মন রাঙালো। কোন খবরটা এখনও টাটকা। আবার কোনটা একেবারেই মুছে গেল মন থেকে। গত সাতটা দিনের রঙ বেরঙের খবরের ডালি নিয়ে এই বিভাগ। আমাদের সপ্তাহ শুরু শনিবার, শেষ শুক্রবার।

**শনিবার :** করোনা যোদ্ধাদের প্রবল আপত্তি ও কলকাতা হাইকোর্ট




কমিটির কড়া নজরদারিতে গঙ্গাসাগরে সম্পন্ন হল দুহাজার বাইশের পৌষ সংক্রান্তির মকর স্নান। তেমন ভিড় না হলেও দেশি-বিদেশি মিলিয়ে পুণ্যার্থী কম ছিল না স্নানের সময়। দূরত্ববিধির বালাই ছিল না সাগরতীরে।

**রবিবার :** ভারতীয় ক্রিকেট বোর্ডের একটানা বাউন্সারে মানসিক



অশান্তিতে ভোগা বিরাট কোহলি সরে দাঁড়ালেন ভারতীয় ক্রিকেট দলের সব ধরনের নেতৃত্ব থেকে। তাঁর দাবি এতে ক্ষতি হচ্ছিল ক্রিকেটের। নেতৃত্বের বিড়ম্বনা থেকে এক সময় সরে দাঁড়িয়েছিলেন শচীন তেন্ডুলকরও। বিরাটও এখন ভারমুক্ত।

**সোমবার :** প্রবাদপ্রতিম শম্ভু মিত্র ও তৃপ্তি মিত্রের তথা বর্তমান বাংলা



নাট্যমঞ্চের প্রতিভাময়ী কন্যা শাঁওলি মিত্র ৭৪ বছর বয়সে নিউমোনিয়ায় ভুগে চলে গেলেন পরলোকে। মঞ্চাভিনয়ে বিচ্ছুরিত শাঁওলির নিজের ইচ্ছানুযায়ী ফুলভারহীন শেষকৃত্য হল সাধারণের অগোচরে সিরিটি শ্মশানে। খবর ছড়িয়ে পড়তেই শোকে বাঙালি।

**মঙ্গলবার:** মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক দুটি পরীক্ষাই হবে স্কুলে



বসে আগের মতো। মধ্যশিক্ষা পর্ষদ ও উচ্চ শিক্ষা সংসদ যৌথভাবে এই সিদ্ধান্ত গ্রহণ করে জানিয়েছে পরীক্ষা হবে ফেব্রুয়ারি ও মার্চ মাস জুড়ে। তবে উচ্চ মাধ্যমিক হোম সেন্টারে করা সম্ভব হলেও মাধ্যমিক পরীক্ষা হবে অন্য স্কুলে গিয়ে।

**বুধবার:** চলে গেলেন বাঙালি




শৈশবের মনমাতানো বাঁটুল দ্য গ্রেট, হাঁদা ভোঁদা, নন্টে ফন্টে কেল্টু দা, পিসেমশাই প্রভৃতি কমিক চরিত্রের অনন্য স্রষ্টা নারায়ণ দেবনাথ। বিদেশী কমিকের রমরমার যুগে গরিব-বড়লোক আপামর বাঙালিকে কমিক দুনিয়ায় স্থান দিয়েছিলেন নারায়ণবাবু।

**বৃহস্পতিবার :** প্রতিশ্রুতি দিয়েও কোভিড ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণ



দিতে ঢিলেমি করছে একাধিক রাজ্য। তাই আর নির্দেশ দিয়ে কালক্ষেপ নয়, সরকারের ভরসায় না থেকে ক্ষতিপূরণ বন্টনের বিষয়টি তদারকি করার ভার নিজেরাই নিল সুপ্রীম কোর্ট। সরকারি ভরসায় আস্থা হারাচ্ছে জনগণ!

**শুক্রবার:** কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রক জানিয়েছে দেশে করোনার অ্যাক্টিভ



রোগীর সংখ্যার নিরিখে রাজ্যগুলির তালিকায় পাঁচ নম্বরে রয়েছে পশ্চিমবঙ্গ। দেশের ৭.৮৮ শতাংশ অ্যাক্টিভ করোনা রোগীর ঠিকানা বাংলা। মূলত কলকাতা ও উত্তর ২৪ পরগনা জেলার দৌলতেই এই অবস্থান।

সবজান্তা খবরওয়ালা

## অন্ধকারে পৈতৃক ভিটে

নিজস্ব প্রতিনিধি : বলতেও লজ্জা লাগে কোদালিয়া তথা আজকের সুভাষ গ্রামে নেতাজির পৈতৃক ভিটেতে নেতাজি যে ঘরে থাকতেন বা মূল প্রবেশ দ্বার পেরিয়ে যে সিঁড়ি উঠে গিয়েছে সেখানে আজ পর্যন্ত কোনও আলো নেই। অন্ধকারেই পড়ে আছে যথেচ্ছভাবে। নাম প্রকাশে অনিচ্ছুক কিছু ব্যক্তি বললেন পারিবারিক কোন্দল বা পারিবারিক সহমতির কারণে পৈতৃক ভিটেতে আলোর ব্যবস্থা করা যাচ্ছে না। শুধু তাই নয় অনেকেরই ইচ্ছা ওই বাড়িটিও দ্রষ্টব্য স্থান হিসাবে উঠে আসুক একটি সংগ্রহশালা তৈরি হোক। কিন্তু পরিবার তা হতে দিচ্ছে না। তিনি রাগ উগরে দিয়ে বললেন, আমরা নেতাজিকে সম্মান দিতে চাইলেও পরিবারের লোকজনের কোনও ভ্রূক্ষেপ নেই। স্থানীয় সূত্রে জানা গেল মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নির্দেশে




হেরিটেজ এবং সংরক্ষণের কিছুটা করা গিয়েছে। কিন্তু অন্ধকারেই রয়ে গেছে নেতাজির স্মৃতি। বসু পরিবারের লোকেরা দুর্গা পুজোর সময় ঠাকুর দালানে যান এবং সেখান থেকেই চলে আসেন কলকাতায়। এক তুমুল রাজকীয় ব্যাপারস্যাপার। কিন্তু কারোরই ওই বাড়িটির প্রতি কোনও ভালোবাসা লক্ষ্য করা যায় না। আমরা যখন সেই বাড়িতে ঢুকি ফুল এবং মালা দেওয়ার জন্য অনুরোধ করতে সেই বাড়ির কেয়ার টেকার আমাদের সিঁড়ির দরজা খুলে দিলেন বটে কিন্তু সেই অন্ধকার সিঁড়িতেই টর্চ মোবাইলের আলো জ্বালিয়ে আমাদের ফুলের মালা সিঁড়িতেই রেখে আসতে হলো। এলাকাবাসী এবং নবীন প্রজন্ম দ্বিধাগ্রস্ত ভাবেই ঢুকে পড়ল সদর দরজা দিয়ে।

এরপর সাতের পাতায়

## চরিত্র হনন বন্ধ হোক

নিজস্ব প্রতিনিধি : ১৯৪৩ সালের ৮ ফেব্রুয়ারি সুভাষচন্দ্র একটি বাংলা চিঠি মেজদা শরৎচন্দ্র বসুকে লিখেছিলেন বলে বসু পরিবারের এক অংশ দাবি করেন। কিন্তু সে চিঠি যে জাল তা ইতিমধ্যেই সকলের কাছে উদ্ঘাটিত হয়েছে। এই চিঠির যে আসল অস্তিত্ব কোথায় তা বসু পরিবারের জন্মের শংসাপত্রে বাবার নামের জায়গায় সুভাষচন্দ্র বসুর নাম নেই। উল্লেখ্য, শিশির বসুর একটা চিঠিতে যা মহাফেজখানা থেকে পাওয়া গিয়েছে সেখানে দেখা যাচ্ছে তিনি সন্দিহান প্রকাশ করছেন এমিলি শেঙ্কেলের পরিচয় নিয়ে। তিনি লিখছেন কোনও মতেই এমিলিকে তাঁর কাকার সহধর্মিনি হিসাবে



I would like you to send me immediately £ 300/-. The permit from Reserve Bank expires this month. I do not want that money should go through the permit from India because I will not be able to get the details of Anity's identity card. In case I find that she cannot show herself as Mrs.Subhas C. Bose, these documents from Barclays will knock the bottom of Ami's and Anity's manoeuvours.

কেউই জানেন না। সব থেকে মজার বিষয় শরৎ বসু বেঁচে থাকাকালীন এই চিঠি প্রকাশ পায়নি। কিভাবে হঠাৎ করে ডানা গজিয়ে কী করে বসু পরিবারের কাছে এলো তার সদুত্তর বসু পরিবার এখনও দিতে পারে নি। চিঠির বিভিন্ন বানান সংশোধন করে আবারও সেই জাল চিঠিকে অতি জাল করা হয়। স্বরাষ্ট্র মন্ত্রকের গোপন নথিতে জানা যায় ভারত সরকারের কাছে নেতাজির কোনও বিদেশিনীকে বিবাহের তথ্য জানা নেই। যদিও ফাইল প্রকাশের পর দেখা যাচ্ছে অ্যানিটার পরিচয় দেওয়া সম্ভবপর হচ্ছে না। এছাড়াও চাঞ্চল্যকর একটি কথা শিশির বসু তাঁর ভাই অমির উদ্দেশ্যে লিখেছেন যে, বেশি নাড়াঘাটা করলে হয়তো 'অমি'স অ্যান্ড আন্টি'স ম্যানিওভারস'। অ্যানিটা ব্রিজেট পাফ কীভাবে রাতারাতি 'অনিতা বসু' হতে পারে তা বসু পরিবারের জাদুকরদের জাদুর খেলা। তাই অবিলম্বে তাঁরই পরিবারের সদস্যরা যে ভুল করছে তার ক্ষমা হয় না। তবু আপামর বাঙালি ও ভারতবাসীর হয়ে আমরা নেতাজির কাছে ক্ষমা চাইছি।

## মহানিষ্ক্রমণের ভুল তথ্য

নিজস্ব প্রতিনিধি : যে গাড়িটিকে দেখিয়ে নেতাজি রিসার্চ ব্যুরো কয়েক কোটি টাকা আত্মসাৎ করেছে এবং যে গল্পের ভিত্তিতে সারা কলকাতার রাস্তায় ফলক লাগানো হয়েছে তা যে কোনও মতেই সত্য নয় সেটা বাঙালি হিসাবে সত্যি লজ্জার বিষয়। শিখ সম্প্রদায়ের কাছে আমরা চির কৃতজ্ঞ। তাঁদেরই তত্ত্বাবধানেই নিরুদ্দেশের পথিক হয়ে ভারত স্বাধীনের লক্ষ্যে কবিগুরুর সান্নিধ্য নিয়ে কাবুল-পেশোয়ার-কান্দাহার হয়ে দুর্গম পথের পথিক হয়ে তিনি দেশের কাণ্ডারী রূপে আত্মপ্রকাশ করলেন। এই পথের যারা সত্যিকারের সঙ্গী ছিলেন তাঁরা আজ ইতিহাসে ব্রাত্য শুধুমাত্র কিছু মুনাফা লোভীদের জন্য। তিনি যে ভবানীপুরের এক বাড়ি ছুঁয়ে গিয়েছিলেন তার প্রমাণও আছে। তাঁর যে সঙ্গী তাঁকে পৌঁছে দিয়েছিলেন সেই সঙ্গীর বাড়ি থেকে গোপন ডায়েরিও হাতে এসেছে। কবিগুরুর সান্নিধ্য নিয়ে যে রাতে তিনি বেরিয়ে গিয়েছিলেন তখন তাঁকে যে দেখেছিলেন সেই রাতের ঘটনা বলে গিয়েছেন।

উল্লেখ্য, ১৯৪১ সালের জানুয়ারি মাসে যে ঘটনা ঘটেছিল এবং পরিবারের সদস্যদের একাংশ সেই নিয়ে গর্ব করেন কারণ একমাত্র সঙ্গী নাকি তারাই ছিলেন। একটু বলে রাখা দরকার ১৯৪১-এ যে ঘটনা ঘটেছিল সেই ঘটনার গল্প দেশ স্বাধীন হওয়ার বহু বছর পর সকলকে বলা হয়েছে।

এরপর সাতের পাতায়

# নেত্রকোণায় নেতাজীর স্মৃতি অসংরক্ষিত

সুমিত্র সুজন : আজাদ হিন্দ সরকারের প্রধান নেতাজী সুভাষচন্দ্র বসুর আপোষহীন সংগ্রাম ও দেশপ্রেমের ললিতবাণী কেবল আজকের ভারতেই নয়, খণ্ডিত ভারতের আজকের স্বাধীন বাংলাদেশেও উচ্চকিত হচ্ছে। তাঁর আদর্শকে বহন করে তরুণদের নেতৃত্বে পরিচালিত হচ্ছে 'নেতাজী জনচেতনা যাত্রা'। এই কর্মসূচির মধ্য দিয়ে আমরা খুঁজে ফিরছি, 'অধুনা বঙ্গ' প্রদেশে নেতাজীর স্মৃতি কোথায় কোথায় ছড়িয়ে ছিটিয়ে রয়েছে। আমরা অবাক বিস্ময়ে লক্ষ্য করছি, আজকের বাংলাদেশের কত নিভৃত জনপদেই না তিনি তাঁর পূণ্য পদস্পর্শ দিয়েছেন কৃপা করে। স্বাধীনতা সংগ্রামের এই মহানায়ক সুবৃহৎ ভারতবর্ষের এহেন অঞ্চল নেই যে তিনি সেখানে যাননি!

নেতাজী গণমানুষের কাছে মুক্তির চেতনাকে উজ্জীবিত করতে পৌঁছেছিলেন বৃহত্তর ময়মনসিংহের অন্যতম জনপদ আজকের নেত্রকোণা জেলার কথা। আমরা তথ্যানুসন্ধানে জানতে পারছি, তদানীন্তন পূর্ববঙ্গের বড় শহর ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, সিলেট, খুলনা কিংবা বরিশালেই শুধু তিনি আসেননি-পাহাড় আর জলাভূমি ঘেরা নেত্রকোণাতেও তিনি এনেছিলেন।

ঐতিহাসিক বিভিন্ন গ্রন্থ, খ্যাতিমান ব্যক্তিদের আত্মজীবনী এবং প্রবীণদের সঙ্গে কথা বলে নেতাজীর নেত্রকোণা সফরের তথ্যটি নিশ্চিত হওয়া গেছে। তথ্যমতে, ১৯৩৯ সালের ১৫ মার্চ ফরওয়ার্ড ব্লকের এক কৃষক সম্মেলনে যোগ দিতে নেত্রকোণায় এসেছিলেন সুভাষচন্দ্র বসু। নেতাজীর নেত্রকোণা সফরে তাঁর সঙ্গী হয়েছিলেন অল ইন্ডিয়া কমিউনিস্ট পার্টির নেতা মানবেন্দ্র নাথ রায়, তিনি এম এন রায় নামেই সমধিক পরিচিত ছিলেন। নেত্রকোণার প্রাক্তন সাবেক সংসদ সদস্য ছবি বিশ্বাস এ প্রসঙ্গে জানাচ্ছেন, ১৯৩৯ সালে নেতাজী সুভাষচন্দ্র বসু আমাদের নেত্রকোণায় আসেন ফরওয়ার্ড ব্লকের সভা করার জন্য। তখন আব্দুল মজিদ এমপি (তারামিয়া), যতীশ জোয়ার্দার সহ অনেকেই ফরওয়ার্ড ব্লকের নেতৃত্বে দিচ্ছিলেন। এই সভাটা হয়েছিল নেত্রকোণা শহরের বালক সাহার গুদামে। সেখানে কলকাতার মেয়র এবং পরবর্তীতে বেঙ্গল গভমেন্টের অর্থমন্ত্রী আমাদের কেন্দুয়ার কৃতি সন্তান নলিনী রঞ্জন সরকারও উপস্থিত ছিলেন।'

নেতাজীর ভারত মুক্তির অভিযানে নেত্রকোণার বহু তরুণের অংশগ্রহণের তথ্য জানিয়ে প্রাক্তন এই সংসদ সদস্য আরও বলেন, নেতাজীর আজাদ হিন্দ ফৌজে আমাদের নেত্রকোণা থেকে অনেকেই যোগদান করেছিলেন



সৈনিক হিসেবে। তাদের নামগুলো ঠিক মনে পড়ছে না। এমনকি নেতাজীর রাজনৈতিক দর্শনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বেশ প্রভাবিত ছিলেন।

নেত্রকোণায় নেতাজীর আসা প্রসঙ্গে বাংলাদেশ পূজা উদযাপন পরিষদ, নেত্রকোণার সভাপতি নির্মল কুমার দাশ বলেন, তখন যোগাযোগের মাধ্যম ছিল ট্রেন। তিনি (নেতাজী) ট্রেনযোগে নেত্রকোণা আসেন এবং ব। স্টেশনে নামেন।

শিক্ষাবিদ অধ্যাপক ননী গোপাল সরকার বলেন, আমি আমার বাবার মুখে শুনেছিলাম, সেইদিন বাবা কাকতালীয়ভাবে কি একটা কাজে নেত্রকোণা আসেন। তখন ওঁনার বয়স ছিল পনের। তিনি দেখেছিলেন, বেঙ্গল গভমেন্টের অর্থমন্ত্রী নলিনী রঞ্জন সরকার একটি রিক্সা টেনে নিয়ে যাচ্ছিলেন। সেই রিক্সায় বসা ছিলেন স্বয়ং নেতাজী সুভাষ চন্দ্র বসু এবং এম এন রায়। ভিড় ছিল উপচে পড়া। নেতাজী হাত নেড়ে সকলকে অভিবাদন জানাচ্ছিলেন।

একাত্তরের বীর মুক্তিযোদ্ধা হায়দার জাহান চৌধুরী বলেন, আমি তখন কলকাতায় ছিলাম বাবার কর্মক্ষেত্রের জন্য। তবে নেত্রকোণায় বাবা প্রায়ই আসতেন। বাবার কাছে শুনেছি নেতাজী সুভাষ বসু নেত্রকোণায় ফরওয়ার্ড ব্লকের সভা করার জন্য আসেন। সভার স্থানটি ছিল বালক সাহার গুদাম। হায়দার জাহান চৌধুরীর পিতা একুশে পদকপ্রাপ্ত কথাসাহিত্যিক প্রয়াত খালেকদাদ চৌধুরী, যিনি ছিলেন নবযুগ পত্রিকার সহ-সম্পাদক, এই পত্রিকার সম্পাদক ছিলেন কবি কাজী নজরুল ইসলাম।

হায়দার জাহান চৌধুরী বলেন, ওই সভায় (নেতাজীর যোগদানকৃত সভায়) আবদুল মজিদ এমপি (তারামিয়া), যোগেন্দ্র তালুকদার, জগদীশ দত্ত, মৌলভী আবদুল হান্নান, শহীদ মিয়া (বালী গ্রামের), আব্বাস খান (বর্তমান নেত্রকোণা পুরসভার মেয়র বীর মুক্তিযোদ্ধা নজরুল ইসলাম খানের পিতা), মিরাজ মিয়া (মেদিনী), নকুল সিংহ (উকিলপাড়া), সুধীর মজুমদার প্রমুখ ব্যক্তিগণ সভার স্বেচ্ছাসেবক হিসেবে দায়িত্ব পালন করেন।' এখানে উল্লেখ্য, জগদীশ দত্ত, আব্দুল মজিদ এমপি (তারামিয়া), সুধীর মজুমদার নেতাজী প্রতিষ্ঠিত ফরওয়ার্ড ব্লকের সদস্য ছিলেন।

এরপর সাতের পাতায়

## দূর্বিপাক মানচিত্রে হতে পারে দুর্যোগ

কুনাল মালিক : কেন্দ্রীয় আবহাওয়া দফতর যে 'হ্যাজার্ড অ্যাটলাস' বা দুর্বিপাক মানচিত্র প্রকাশ করেছে, সেখানে দেখা যাচ্ছে দক্ষিণ ২৪ পরগনা জেলায় আবারও ঘূর্ণিঝড়, সামুদ্রিক জলোচ্ছ্বাস, অতিবৃষ্টির সম্ভবনা আছে। ইদানিং চোখে পড়ছে নদী উপকূলবর্তী দক্ষিণ ২৪ পরগনা জেলা প্রায়ই প্রাকৃতিক দুর্যোগের কবলে পড়ছে। ২০০৯ সালে 'আয়লা' তছনছ করে দিয়েছিল সুন্দরবন সহ জেলার বৃহত্তর অংশকে। ২০১৯ সালে বুলবুল, ২০২০ সালে আম্ফান ২০২১ সালে যশের তাণ্ডব দেখেছে এই জেলা। চাষবাসের ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছিল। ভেঙে পড়েছিল গাছ, বাড়ি, বিদ্যুতের খুঁটি। আবারও আশংকা করা হচ্ছে এই বছর এই জেলায় ঘূর্ণিঝড়সহ নানা প্রাকৃতিক দুর্যোগ আছড়ে পড়তে পাবে। ১২ ফুট পর্যন্ত হতে পারে সামুদ্রিক জলোচ্ছ্বাস। যেমন সম্প্রতি আবহাওয়া দফতর সূত্রে জানা যাচ্ছে, আবারও পশ্চিমী ঝঞ্ঝার মুখে এই জেলা। শনিবার থেকে আবহাওয়া বদলে গিয়ে নামতে পারে বৃষ্টি। যাইহোক, কেন্দ্রীয় আবহাওয়া দফতরের পূর্বাভাষ যদি মিলে যায় তাহলে দক্ষিণ ২৪ পরগনা জেলায় দুর্যোগ মোকাবিলা দফতর আগাম ব্যবস্থা নিতে কি কর্মসূচি দিচ্ছে, তা জানার জন্য যোগাযোগ করেছিলাম জেলা দুর্যোগ মোকাবিলা দফতরের আধিকারিক বামাপদ কুণ্ডুর সঙ্গে। তিনি এই প্রসঙ্গে বলেন, দেখুন ওই দুর্বিপাক মানচিত্র ১৯০১ সাল থেকে পর্যালোচনা করে তৈরি করা হয়েছে। আমরা আগে থেকেই এটা জানতাম। তাই ২০০৯ সালের আয়লার পর কাকদ্বীপ, ক্যানিং, বারুইপুর, ডায়মণ্ড হারবার সাব ডিভিশনে আমরা ১১৫টি সাইক্লোন সেন্টার করেছি। ওখানে দুর্গত মানুষদের রাখা হয়। তাদের খাদ্য ওষুধ সহ অন্যান্য সামগ্রী দেওয়া হয়। এছাড়াও আরও ১৫টি সেন্টার করা হবে। সিভিল ডিফেন্সের ২০০০ স্বেচ্ছাসেবক সহ ২০০ জন বিশেষ প্রশিক্ষন প্রাপ্ত স্বেচ্ছাসেবক আছেন। তাদের কাছে অত্যাধুনিক গাছ কাটার যন্ত্র, বিশেষ লাইট আছে। আরও ২০০ জন ছেলেকে প্রশিক্ষণ দেওয়া হবে। আমরা যে কোনও দুর্যোগের জন্য প্রস্তুত।

## আর্সেনিকের কবলে বিভিন্ন ব্লক

কল্যাণ রায়চৌধুরী : উত্তর চব্বিশ পরগনা জেলায় মোট পঞ্চায়েত সমিতি বা ব্লক সংস্থা ২২টি। এই সব কটি ব্লকের ভূগর্ভস্থ পানীয় জল বর্তমানে ভয়াবহ আর্সেনিক বিষক্রিয়ার শিকার। নিজেদের অজান্তে মানুষ এই বিষাক্ত জল পান করে ধীরে ধীরে দুরারোগ্য রোগে আক্রান্ত হয়ে মারা যাচ্ছে। এ প্রসঙ্গে আর্সেনিক দূষণ প্রতিরোধ কমিটির রাজ্য সম্পাদক অশোক দাস তার প্রতিক্রিয়ায় যে তথ্য জানালেন, তা রীতিমতো উদ্বেগজনক। তিনি বলেন, 'বহুদিন আগে ডা. বি এন গুহ মজুমদারের নেতৃত্বে একটি প্রতিনিধি দল এটা প্রমাণ করেছিল। ভারতীয় আবহাওয়া অনুযায়ী বিশ্ব স্বাস্থ্য সংস্থা অনুমোদিত যে পরিমাণ আর্সেনিক পানীয় জলে থাকলে ভারতীয়রা পান করতে পারেন, তার থেকে বহু পরিমাণ উচ্চমাত্রায় আর্সেনিক যুক্ত জল এইসব অঞ্চলে মানুষ পান করছে। সবচেয়ে বেশি পরিমাণ আর্সেনিক প্রবণ যে সমস্ত ব্লক, সেগুলি হল, দেগঙ্গা, গাইঘাটা, হাবড়া-২, বসিরহাট-১, বসিরহাট-২ ও বাদুড়িয়া। এই ব্লকগুলি এক কথায় ভয়াবহ। এবং এই ব্লকগুলির সর্বত্রই আর্সেনিক বিষক্রিয়ায় মানুষের মৃত্যু হয়েছে। বর্তমানে এই জেলায় আর্সেনিক আক্রান্ত প্রায় চল্লিশ হাজার মানুষ। তার মধ্যে মারাত্মক অবস্থা প্রায় এক হাজার দুই শতাধিক মানুষের। ইতিমধ্যে এই জেলায় আর্সেনিকে মৃত্যু হয়েছে প্রায় সাড়ে সাতশো মানুষের। যার মধ্যে শুধু গাইঘাটা ব্লকেই মারা গিয়েছে প্রায় ১২৫ জন। জলের মধ্যে দিয়ে প্রতিদিন মানুষের শরীরে যে স্লো-পয়জন হচ্ছে, এই



বিষয়টা প্রথম দিকে অজানাই ছিল। ১৯৮৩ সালে ট্রপিক্যালের বিশিষ্ট চিকিৎসক তথা বিভাগীয় প্রধান ডা. কে সি সাহা দেখলেন যে তার কাছে আর্সেনিক আক্রান্ত রোগীরা আসছেন, যারা উত্তর চব্বিশ পরগা জেলার বাসিন্দা। তখন তিনি বিষয়টা নিয়ে অনুসন্ধান চালিয়ে দেখেন, যে এই রোগীরা যে সব টিউবওয়েলের জল পান করছেন, তার মধ্যে উচ্চ মাত্রায় আর্সেনিক আছে। এর থেকে আর্সেনিকের উৎসটা বোঝা গেল। অনুসন্ধানে এও বোঝা গেল, উত্তর চব্বিশ পরগনায় জলের দ্বিতীয় স্তরটা আর্সেনিক প্রবণ। প্রথম স্তরে আর্সেনিকের এই প্রবণতা নেই। প্রথম স্তরটা সাধারণত শূন্য থেকে ৭৫ ফুট পর্যন্ত হয়ে থাকে। এই স্তরের জলটা সাধারণত ভূ-পৃষ্ঠের উপরিভাগের জল। ফলে এটা পানীয় জল হিসেবে ব্যবহৃত হয়না। কেননা এই জলটা খাল, বিল, পুকুর, বাঁওড় ইত্যাদি থেকে পাওয়া যায়। পঁচাত্তর থেকে সাত-আটশো ফুটের যে জলস্তর সেটিই দ্বিতীয় স্তর। এই স্তরের জলই মানুষ পানীয় হিসেবে ব্যবহার করে। কিন্তু সবুজ বিপ্লবের নামে যথেষ্ট পরিমাণে এই জল তোলার ফলে এই স্তর আর্সেনিক প্রবণ হয়ে পড়েছে।

এরপর পাঁচের পাতায়

## চলছে ব্যাপক কোভিড টেস্ট

নিজস্ব প্রতিনিধি : দক্ষিণ ২৪ পরগনা জেলার ডায়মন্ড হারবার লোকসভা কেন্দ্রের প্রতিটি ব্লক এবং পুরসভায় এখন সাংসদ অভিষেক ব্যানার্জীর উদ্যোগে ব্যাপক কোভিড টেস্ট চলছে। সেই সঙ্গে 'ডক্টরস অন হুইল' কর্মসূচির মাধ্যমে কোভিড আক্রান্ত মানুষরা বিনামূল্যে চিকিৎসা পরিষেবা পাচ্ছেন। রাজ্যের সর্বত্র সাংসদ অভিষেক ব্যানার্জীর এই কোভিড প্রতিরোধে বিশেষ মডেল নিয়ে আলোচনাও চলছে। গত ১২ জানুয়ারি বিবেকানন্দের জন্মদিনে ডায়মন্ড হারবার লোকসভা কেন্দ্রে ৫০ হাজার কোভিড টেস্ট হয়। কোভিড আক্রান্ত ব্যক্তিদের হোম আইসোলেশনে পাঠানো হয়। দক্ষিণ ২৪ পরগনা জেলা পরিষদের সদস্য সেখ বাপী বলেন, এখন ৩১ জানুয়ারি পর্যন্ত প্রতিটি ব্লকে ১৫০০ এবং ওয়ার্ডে ৭৫০ জনের কোভিড টেস্টের টার্গেট দিয়েছেন মাননীয় সাংসদ অভিষেক ব্যানার্জী। প্রতিটি এলাকাতেই সেফ হোম করা হয়েছে। কোভিড টেস্টের ফলে আক্রান্ত মানুষদের চিহ্নিত করে চিকিৎসা করা সম্ভব হচ্ছে। এছাড়াও ডায়মন্ড হারবার লোকসভা কেন্দ্রের




প্রতিটি বাজার এখন সপ্তাহে দুদিন করে বন্ধ রাখা হচ্ছে। মাস্ক পরার ব্যাপারেও জনগণকে পুলিশ প্রশাসন সতর্ক করছেন। বিনা মাস্কের নিত্যযাত্রীদের পুলিশ আটক করছেন। প্রসঙ্গত, আগের থেকে মানুষ এখন বেশি সচেতন হয়েছে মাস্ক পরার ব্যাপারে। বজবজ, ফলতা, সাতগাছিয়া, বিষ্ণুপুর সর্বত্রই চোখে পড়ছে কোভিড টেস্টের ছবি। অনেকেই সাংসদ অভিষেক ব্যানার্জীর এই উদ্যোগকে সাধুবাদ জানিয়েছেন। বজবজ-২ নম্বর পঞ্চায়েত সমিতির সহকারি সভাপতি বুচান ব্যানার্জী জানালেন, সকলে ডবল মাস্ক পরুন, স্যানিটাইজার ব্যবহার করুন, সামাজিক দূরত্ব বজায় রাখুন। করোনার তৃতীয় ঢেউকে আমরা পরাস্ত করবই।

Alipur Barta: 56 year : Vol No.: 56, Issue No. 13, 22 January - 28 January 2022

# শেয়ারের সাপলুডো চলছে সর্পিল গতিতে

**পার্থসারথি গুহ**

গত সপ্তাহে ভারতীয় শেয়ার বাজার আরও একবার গুরুত্বপূর্ণ সীমানার কাছে এসেছিল। আগের উচ্চতার একেবারে কাছে চলে এসেছিল নিফটি ও সেনসেক্স। সেনসেক্স ৬১ হাজারের ওপর গিয়ে সর্বকালীন রেকর্ড কায়েম করতে চাইছিল। আর নিফটি ফের ১৮ হাজারের গাঁট পেরিয়েছিল। তবে সেনসেক্সের মতো নিফটি তার সর্বোচ্চ উচ্চতাকে ছুঁতে পারেনি। উল্লেখ, গত মাসে ভারতীয় নিফটি ১৮,৬০০-র যে রেকর্ড গড়েছিল এখনও তা অক্ষত। তবে এই তেজির বাজারে সেটা ভেঙে গেলে অবাক হওয়ার কিছু থাকবে না। সেক্ষেত্রে নিফটি চলে যেতেই পারে ১৯ হাজারের কাছে। সেনসেক্স বাবুও ৬২ হাজার ছাপিয়ে আরও নতুন দিগন্ত স্পর্শ করতে পারে। এই নতুন রেকর্ড বা উত্থানের আবহ তৈরি হল এমন একটা সময় যখন আবার দেশ জুড়ে সমস্যার সিরিজ শুরু হয়েছে। যার কেন্দ্রবিন্দু অবশ্যই করোনারূপী ওমিক্রন। সামনে আসছে জগাখিচুরি সরকারের হরেকরকম মডেল। এমতাবস্থায় সূচকের এই ঘুরে দাঁড়ানো নিঃসন্দেহে নতুন করে ভাবতে শেখাচ্ছে লগ্নিকারীদের। নিফটি-সেনসেক্স যেন বলতে চাইছে, দেশের সংসদীয় নির্বাচন এখন ঢের দেরি। তার আগে বাজারের মজা লুটে তো নিই। তার আগে ছোট্ট একটা কারেকশনের পালা চলছে যেন।

যদিও শেয়ার বাজারে এই শক্তিশালী অবস্থা সৃষ্টির পিছনে অনেকে কারণ হিসেবে খাড়া করছেন আন্তর্জাতিক বাজারে তেলের দাম পড়ে যাওয়া ও ডলারের অনুপাতে টাকার শক্তি বাড়াকে। এই দুটি বিষয় গত কয়েক মাস ধরে বেজায় চিন্তায় ফেলে দিয়েছিল শেয়ার বাজারকে। সেখানে থেকে আপাত স্বস্তি মেলা হয়তো এই রিলিফ র‍্যালি এনে দিয়েছে বাজারে। ক্রমশ উত্থানের মধ্যে দিয়ে তার এই ইউ-টার্ন নিশ্চিতভাবে বিস্ময়কর। তাছাড়া বাজার বাড়লেও লগ্নিকারীদের সাধের মিডক্যাপ এখনও সেই কারেকশনের তিমিরেই থেকে গিয়েছে। মিডক্যাপের হাত ধরে ভারতীয় অর্থবাজারও বিগত ৩-৪ মাসে একটা সংশোধনী সম্পন্ন করেছে। যার পার্ট-২



খুব সম্ভবত আরও একবার শুরু হয়েছে। প্রথমবার সাড়ে ১৬ হাজারকে বুড়িছোঁয়া দিয়ে নিফটি মহারাজ ফের আগের উচ্চতা ১৮ হাজারের দিকে দৌড় মেরেছিল। মাত্র কদিন আগেই এই ঘটনা সংগঠিত হয়েছিল। তারপর আবার হড়কানো শুরু করেছিল সূচকজোর। আর এই সময়কালে মিডক্যাপ কিন্তু ঘুরে দাঁড়াতে পারেনি। এখন দেখার টাইম ফ্রেম কারেকশনে প্রবেশ করল কি না মিডক্যাপ। সেটা যদি হয়ে থাকে তাহলে কিন্তু আরও অনেক দুঃখ কপালে নাচবে সাধারণ লগ্নিকারীদের। এই সাধারণ লগ্নিকারীদের কথা এই জন্য বারংবার উল্লেখ করা হচ্ছে যে মিডক্যাপভুক্ত শেয়ার দিয়েই এদের ডিম্যাট অ্যাকাউন্ট মূলত ঠাসা থাকে। যাঁরা পোড়খাওয়া লগ্নিকারী তাঁদের ডিপিতে সবসময় একটা ভারসাম্য বজায় থাকে। যার মধ্যে মিডক্যাপের সঙ্গে সামঞ্জস্য রেখে ঠাঁই করে নেয় লার্জ ক্যাপ বা ফ্রন্ট লাইনাররাও। এছাড়াও যে সেক্টর তাৎক্ষণিকভাবে চলতে আরম্ভ করে সেসব সেক্টরের শেয়ারেও এদের লগ্নি থাকে। ফলে এদের সহজে ঘায়েল করা যায় না। সেজন্যই বিশেষজ্ঞরা সাধারণ লগ্নিকারীদের একবগ্গা ট্রেডিং থেকে বিরত থাকতে পরামর্শ দেন। কিন্তু সে কথা কানে নিলে তো। ঘুরিয়ে ফিরিয়ে সেই মিডক্যাপ কেনার দিকেই আগ্রহ গড়ে ওঠে। যার পরিনাম যে মোটেই ভালো নয় তা হাড়ে হাড়ে মালুম পান লগ্নিকারীরা।

কিছুদিন আগে মনে হচ্ছিল কারেকশনের দ্বিতীয় পর্ব দেখতে হবে। লগ্নিকারীরা ভাবছিলেন যেন আরও বেশ খানিকটা পড়া বাকি রয়ে গেছে। এর মধ্যেই পাশা পালটে গেল। ফের বেয়ারদের যাবতীয় প্রতিরোধ তুড়ি মেরে উড়িয়ে ভারতের শেয়ার বাজার উর্দ্ধগামী হতে শুরু করেছে। এত তাড়াতাড়ি সব কিছু ঠিকঠাক হয়ে যাবে এতটা আশা বোধহয় কেউই করেন নি। সেদিক থেকে বাজার নিশ্চিতভাবে সবাইকে চমকে দিয়েছে। তাও কতদিন এই উত্থান বজায় থাকে সেটাও কিন্তু নজরে রয়ে যাচ্ছে। বিশেষজ্ঞদের একটা বড় অংশও ২০১৮-র প্রথম থেকে বাজারের বুল রান ধরে রাখা নিয়ে চিন্তান্বিত হয়ে উঠেছিলেন। কারেকশনের ভরপুর ইঙ্গিত দিচ্ছিলেন তাঁরা। ভারতের অর্থবাজারের আপাত বৃদ্ধি নিয়ে যথেষ্ট সন্দিহান। এই মতের শরিক হয়েছিলেন বড় মাপের ব্যবসায়ী ও বিশেষজ্ঞরাও। বিশেষ করে অনেকটা বাড়ার পর অত্যন্ত স্বাভাবিক কারেকশনের পক্ষেই রায় দিয়েছিলেন তাঁরা। বস্তুত সেই কারেকশন পর্ব বেশ ভালোভাবেই সম্পন্ন হয়েছিল। তারপর স্বাভাবিক নিয়মেই ফের শুরু হয়েছে উত্থান পর্ব। হয়তো কিছুদিন তা জারি থাকলেও থাকতে পারে।

# কৃষক এবং রেল একইভাবে লাভবান

**নিজস্ব প্রতিনিধি :** ২০২১ সালের নভেম্বর মাসের শেষ সপ্তাহের ঘটনা, সেই প্রথম কিষাণ রেল ২১৬ টন পেঁয়াজ নিয়ে রাজস্থানের আলোয়ার থেকে আসামের ভেটাপাড়ার উদ্দেশ্যে রওনা হয়েছিল। আলোয়ার থেকে ভেটাপাড়া পর্যন্ত ২২০ টন পেঁয়াজ নিয়ে যেতে খরচ হয় প্রায় ১০ লক্ষ টাকা। কিন্তু কিষাণ রেল যোজনার মাধ্যমে ৫০% ভর্তুকি দেওয়ার কারণে, কৃষকদের জন্য মাত্র ৫ লক্ষ টাকা ধার্য করা হয়েছিল। আলোয়ারে, কৃষকরা প্রতি কেজি পেঁয়াজের দাম পেয়েছিলেন ২০ টাকা পর্যন্ত, অন্যদিকে আসামে; তারা প্রতি কেজি ২৬ টাকার বেশি পেয়েছেন। কৃষকরা যাতে দূরবর্তী, বৃহৎ এবং আরও লাভজনক বাজারে প্রবেশ করতে পারেন এবং সেই লক্ষ্যে বিশাল রেল নেটওয়ার্ক ব্যবহার করতে সক্ষম হন, তার জন্য ২০২০ সালে কিষান রেল চালু করা হয়েছিল। এটি কৃষকদের আয় দ্বিগুণ করার সরকারের দৃষ্টিভঙ্গিরও পরিপূরক ছিল। ২০২০






সালের ৭আগস্ট এটি চালু হওয়ার পর থেকে, পচনশীল সবজি এবং খাদ্যসামগ্রী নিয়ে সারা দেশে ১৬৪২ বার যাত্রা করেছে। রেলওয়ে এর থেকে প্রায় ২২০কোটি টাকা আয় করেছে। লোকসভার শীতকালীন অধিবেশন চলাকালীন এই তথ্য প্রদান করে, রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব বলেছেন, শাকসবজি, ফল এবং অন্যান্য পচনশীল পণ্য পরিবহনের সম্ভাব্য সার্কিটগুলি কৃষক এবং কৃষক সম্প্রদায়ের কাছ থেকে প্রাপ্ত চাহিদার উপর ভিত্তি করে তৈরি করা হয়েছে। তিনি বলেন, সবজি ও ফলের মতো পচনশীল পণ্যের জন্য শীতাতপ নিয়ন্ত্রিত আধার ব্যবহার করা হচ্ছে।

# মনিপুরে হচ্ছে বিশ্বের সর্বোচ্চ রেলওয়ে সেতু

**নিজস্ব প্রতিনিধি :** স্বাধীনতার পর ভারতের অনেক রাজ্য, বিশেষ করে উত্তর—পূর্বের রাজ্যগুলি উন্নয়নের দৌড়ে পিছিয়ে পড়েছিল। রুক্ষ পার্বত্য অঞ্চল এবং ভূমিকম্পের জন্য এই অঞ্চলকে উন্নয়নের মূলধারায় যুক্ত করতে একটি শক্তিশালী পরিকাঠামো প্রয়োজন। বিকাশের ক্ষেত্রে ২০১৪ সাল থেকে এই রাজ্যগুলিতে উল্লেখযোগ্য পরিবর্তন হয়েছে। এর কারণ হল প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর প্রতিশ্রুতি, তিনি উত্তর—পূর্বকে ভারতের উন্নয়ন যাত্রার চালিকা শক্তি বলে মনে করেন। মণিপুরে বিশ্বের সর্বোচ্চ সেতুর নির্মাণ উত্তর—পূর্ব ভারতে পরিকাঠামো




বৃদ্ধির জন্য সরকারের প্রতিশ্রুতির আরেকটি উদাহরণ হতে চলেছে। এই সেতুটি ১১১ কিলোমিটার দীর্ঘ জিরিবাম—ইম্ফল রেলওয়ে প্রকল্পের একটি অংশ। এর লক্ষ্য হল মণিপুরের রাজধানীকে দেশের ব্রডগেজ নেটওয়ার্কের সঙ্গে সংযুক্ত করা। সেতুটিকে ভূমিকম্প প্রতিরোধী করা হচ্ছে। এটি রিখটার স্কেলে ৮.৫ মাত্রার ভূমিকম্প সহ্য করতে পারবে। প্রকল্পটি শেষ হলে ১১১কিলোমিটার দূরত্ব মাত্র আড়াইঘন্টায় সম্পন্ন করা সম্ভব হবে। বর্তমানে, জিরিবাম—ইম্ফলের (এনএইচ—৩৭)মধ্যে দূরত্ব ২২০কিমি, এই রাস্তা যেতে সময় লাগে প্রায় ১০—১২ঘন্টা। নির্মাণের পর ননি উপত্যকা অতিক্রমকারী সেতুটি হয়ে উঠবে বিশ্বের সর্বোচ্চ পিয়ার ব্রিজ। ২০২৩সালের ডিসেম্বরের মধ্যে সেতুটির নির্মাণকার্য শেষ হবে।

# বিশ্ব বাজারে স্বমহিমায় হাজির খাদি

**নিজস্ব প্রতিনিধি :** বিশ্ব বাজারে স্বমহিমায় হাজির খাদি, মার্কিন ফ্যাশন ব্র্যান্ড 'প্যাটাগোনিয়া' পোশাকের জন্য খাদি ডেনিম বেছে নিয়েছে ফ্যাশন ব্র্যান্ড হিসাবেভারতের খাদি বিশ্বজুড়ে মানুষের পছন্দের তালিকায় স্থান করে নিয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নিজেই ভারতের খাদি কীভাবে মেক্সিকোয় 'ওহাকা খাদি' ব্র্যান্ডে পরিণত হয়ে উঠেছে তার কথা বলেছিলেন। বিশ্বের অন্যতম শীর্ষস্থানীয় ফ্যাশন ব্র্যান্ড মার্কিন যুক্তরাষ্ট্রের প্যাটাগোনিয়া, এখন ডেনিম পোশাক তৈরির জন্য হস্তশিল্পের খাদি ডেনিম ফ্যাব্রিক ব্যবহার করছে। ভারতের শীর্ষস্থানীয়



টেক্সটাইল সংস্থা অরবিন্দ মিলের মাধ্যমে প্যাটাগোনিয়া গুজরাট থেকে ১.০৮কোটি টাকার প্রায় ৩০,০০০মিটার খাদি ডেনিম ফ্যাব্রিক কিনেছে।খাদি ডেনিম কেনার ফলে খাদি কারিগরদের জন্য অতিরিক্ত ১.০৮ লক্ষ 'ম্যান—আওয়ার' কাজ করতে হয়েছে। ২০১৭ সালের জুলাই মাসেখাদি এবং গ্রামীণ শিল্প কমিশন সারা বিশ্বে খাদি ডেনিম পণ্যের ব্যবসা করার জন্য অরবিন্দ মিলস লিমিটেড, আহমেদাবাদের সঙ্গে একটি চুক্তি স্বাক্ষরিত করেছে।

# পরিচ্ছন্নতা পর্যটনকে একটি নতুন জীবন দান করে

**নিজস্ব প্রতিনিধি :** মনে করে দেখুন ২০১৪ সালের আগেআমাদের শহরগুলির পরিচ্ছন্নতা নিয়ে কেবল নেতিবাচক কথাবার্তা শোনা গিয়েছিল। বড় শহরগুলির জীবনের স্বাভাবিক অংশ হয়ে উঠেছিল অপরিচ্ছন্নতা-আবর্জনা। পরিচ্ছন্নতার প্রতি উদাসীনতা কেবল শহরগুলির সৌন্দর্য এবং দর্শনার্থীদের উপরই নেতিবাচক প্রভাব ফেলে তা নয় বরং এর ফলে শহরের বাসিন্দাদের স্বাস্থ্যের উপর সবচেয়ে বেশি নেতিবাচক প্রভাব দেখা যায়। এই দৃশ্যপট পরিবর্তন করার জন্য দেশে স্বচ্ছ ভারত মিশন এবং আমরুতমিশনের অধীনে একটি বিশাল অভিযান শুরু করা হয়েছিল। কয়েক বছর ধরে, শহরগুলিতে ৬০লক্ষেরও বেশি ব্যক্তিগত শৌচাগার এবং ছয়লক্ষেরও বেশি কমিউনিটি শৌচাগার নির্মাণ করা হয়েছে। ৭ বছর আগে পর্যন্ত যেখানে মাত্র ১৮ শতাংশ বর্জ্য ফেলা যেত, আজ তা বেড়ে দাঁড়িয়েছে ৭০ শতাংশে। এখন স্বচ্ছ ভারত অভিযান ২.০-এর অধীনে, শহরগুলির আবর্জনার পাহাড় অপসারণে একটি অভিযানও শুরু হয়েছে। এলইডিআলো শহরের সৌন্দর্য বৃদ্ধিতেও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। সরকার প্রচারাভিযানের আওতায় দেশে ৯০ লক্ষের বেশি পুরনো রাস্তার আলোয় এলইডি আলো লাগিয়েছে। স্বাধীনতার ৭৫তম বছরে আমাদের দেশটি 'সকলের সঙ্গে, সকলের বিকাশ, সকলের বিশ্বাস'-এর সঙ্গে'সকলের প্রয়াস'-এর ডাক দিয়েছে। পরিচ্ছন্নতার জন্য, প্রত্যেকের অবদানের এই চেতনা সমানভাবে গুরুত্বপূর্ণ। পরিচ্ছন্নতা সুখ এবং পর্যটনের সঙ্গে অঙ্গাঙ্গীভাবে জড়িত। গুজরাটের মুখ্যমন্ত্রী হিসাবে, নরেন্দ্র মোদী পরিচ্ছন্নতার উপর বিশেষ জোর দিয়ে অগ্রগতির জন্য পর্যটন স্থলগুলির বিকাশে গুরুত্ব দিয়েছিলেন। নির্মল গুজরাট অভিযান যখন গণআন্দোলনে পরিণত হয়, তখন রাজ্যে পর্যটনের প্রসারও হয়।

## উত্তরের জানালা

# রেল দুর্ঘটনার সর্বনাশে পৌষ মাস আশেপাশে

**নিজস্ব প্রতিনিধি :** ময়নাগুড়ির দক্ষিণ মৌয়ামারী দোমহনি এলাকার ট্রেন দুর্ঘটনাগ্রস্থ এলাকায়, সোমবার উপচে পড়লো লোকজনদের ভিড়। ভিড়ের সুযোগে রেল লাইন সংলগ্ন এলাকায় রকমারি খাবারের দোকান নিয়ে হাজির হলো ব্যবসায়ীরা। সোমবার জলপাইগুড়ি, মালবাজার সহ ময়নাগুড়ির বিভিন্ন এলাকা থেকে পরিবার সহ দুর্ঘটনাগ্রস্থ রেল দেখতে উৎসাহী লোকজনদের ব্যাপক ভিড় লক্ষ্য করা গেলো। খাবারের ব্যবসায়ীদের ব্যবসা ভালো হল। অনেকেই বললেন, দুর্ঘটনাগ্রস্থ এলাকা যেন পর্যটন কেন্দ্রের রূপ ধারণ করেছে। অনেকেই আবার বললেন, কারো পৌষ মাস, কারো সর্বনাশ। দেখলে মনে হবে যেন কোন পর্যটন কেন্দ্র। বাচ্চাদের নিয়ে, বাড়ির বয়স্ক বাবা, মা ও স্ত্রীকে নিয়ে রবিবার ছুটির আমেজ কাটাতে প্রচুর সংখ্যক লোকজন এলো দক্ষিণ মৌয়ামারী গ্রামে। তবে কোনও পিকনিক করতে নয়। তারা এসেছেন দুর্ঘটনাগ্রস্থ রেল দেখতে। কেউ এসেছেন নিজের গাড়ি নিয়ে কেউ বা গাড়ি ভাড়া নিয়ে এসেছেন ঘটনাস্থলে। অনেকেই আবার এসেছেন টোটো রিজার্ভ করে। প্রচুর মানুষের ভিড়ে যদি ভালো ব্যবসা করা যায়, সেই সুযোগের সদ ব্যবহারে হাজির এলাকার লোকজন সহ ময়নাগুড়ির বিভিন্ন এলাকার বেশ কিছু ব্যবসায়ীরা। বেলুনের দোকান থেকে শুরু করে ফুচকার দোকান, রুটি সব্জির দোকান, আইসক্রিমের দোকান, চায়ের দোকান নিয়ে হাজির অনেকেই। তারা জানিয়েছে, ব্যবসা সারাদিন ভালোই হয়েছে। বাইরে থেকে আসা লোকজনেরা বলেন, একদিকে ঘোরাও হলো অপর দিকে খাওয়া দাওয়াও হল। জলপাইগুড়ি থেকে আসা সমীর ঘোষ, ডালিয়া ঘোষ বলেন, আমাদের সমগ্র পরিবার এসেছি দুর্ঘটনাগ্রস্থ ট্রেন দেখতে। একটু ভয় লাগছে ঠিকই তবে, এত বড় ট্রেন দুর্ঘটনাতো আগে দেখি নি। সেটাই দেখতে এসেছি। বাড়ির সকলে মিলে ফুচকা খেয়েছি। আশীষ রায়, বিদ্যুৎ দাস বলেন, আমরা জলপাইগুড়ি থেকে এসেছি। এই ট্রেন দেখতে এসেছি। এমন দৃশ্য আগে দেখি নি। মালবাজারের বাসিন্দা মুস্তফা প্রধান বলেন, আমার স্ত্রী, ছেলেকে নিয়ে এসেছি। এখানে অনেক লোকের ভিড়ে গ্রামের পরিবেশ পালটে গিয়েছে। খাবারের দোকান থেকে খাবার খেয়েছি। দুর্ঘটনা কোনও মতেই কাম্য নয়। তবে এক অন্য অভিজ্ঞতার সাক্ষী হয়ে রইলাম। এলাকার বাসিন্দা কমল চন্দ্র রায় বলেন, আমি রুটি,সব্জির দোকান নিয়ে বসেছি। পুলিস থেকে শুরু করে রেল লাইনের কাজে থাকা লোকজন আসছে খেয়ে যাচ্ছে। বাইরের লোকেরাও আসছে সকাল থেকে। তারাও দোকানে এসে রুটি খাচ্ছে চা খাচ্ছে। আমাদেরও ব্যবসা চলছে। ময়নাগুড়ি শহরের হাসপাতাল পাড়ার বাসিন্দা রতন সরকার বলেন,আমি আইসক্রিম, বেলুন বিক্রয় করছি। ময়নাগুড়ি শহরের বিভিন্ন স্কুলের সামনে দোকান করতাম। লক ডাউনে সব বন্ধ। রোজগার তেমন ভাবে নেই। এখানে এসে দুটি পয়সার মুখ দেখতে পেয়েছি। তবে আমরাও চাইছি এমন ঘটনা যেন আর না ঘটে।

## সাপ্তাহিক রাশিফল

**প্রিয়া জ্যোতিঃশাস্ত্রী**

২২ জানুয়ারি – ২৮ জানুয়ারি ২০২২

**মেষ রাশি ঃ** এ সপ্তাহে ধনাগম হলেও অকারণে ব্যয় বৃদ্ধি পাবে। কর্মে বদলি হওয়ার সম্ভাবনা। সাবধানে রাস্তায় চলাফেরার প্রয়োজন। সন্তানের কর্মে উন্নতি। পেট ও বাতের সমস্যা। উচ্চশিক্ষা ও গবেষণার সম্ভাবনা।

**প্রতিকার ঃ** শনিদেবের পুজো করুন।

**বৃষ রাশি ঃ** আর্থিক উন্নতির যোগ। শিক্ষার্থীরা পড়াশোনায় অমনোযোগী। উচ্চশিক্ষায় বাধা। সম্পত্তি নিয়ে বিবাদ। ব্যবসায় মন্দা। শিল্পীদের শুভ। ঋণ নেওয়ার পরিকল্পনা। পেট ও মূত্র সংক্রান্ত সমস্যা হতে পারে।

**প্রতিকার ঃ** দুর্গা চালিশা পাঠ করুন।

**মিথুন রাশি ঃ** এই রাশির কর্মে সাফল্য। আয় হলেও ব্যয় বৃদ্ধি পাবে। পড়াশোনায় অমনোযোগী ও ভ্রাতৃস্থানীয় যারা তাদের সাবধানে চলাফেরা করা প্রয়োজন। উদর-পীড়ার সম্ভাবনা।

**প্রতিকার ঃ** শনিদেবের পুজো করুন।

**কর্কট রাশি ঃ** চাকরী থাকবে, কিন্তু অর্থাগমের ক্ষেত্রে বাধা-বিপত্তি আসবে। উর্ধ্বতন কর্তৃপক্ষের সঙ্গে বিবাদের সম্ভাবনা। ব্যবসার ক্ষেত্রে মনোমালিন্য। উচ্চশিক্ষায় শুভ।

**প্রতিকার ঃ** বৃহস্পতিবার ব্রাহ্মণদের অন্নদান করুন।

**সিংহরাশি ঃ** চাকরীক্ষেত্রে বাধা থাকবে। পারিবারিক অশান্তি। সন্তানের ক্ষেত্রে শুভ। ব্যবসায় সফলতায় বাধা। শিক্ষায় অমনোযোগী ও উচ্চশিক্ষায় বাধা। সংক্রামক রোগ থেকে সাবধান। দুর ভ্রমণ বাতিল।

**প্রতিকার ঃ** প্রতিদিন ২৭ বার 'ওং ভৌময় নমঃ' জপ করুন।

**কন্যা রাশি ঃ** কর্মে ও ব্যবসায় সাফল্য। বিভিন্ন ক্ষেত্র থেকে আর্থিক উপার্জন। গবেষণায় সাফল্য। সাহিত্যিকদের শুভ। পায়ে এবং উরুতে সমস্যা। স্বাস্থ্য সচেতনতার প্রয়োজন।

**প্রতিকার ঃ** বৃহস্পতিবার নির্ধন লোকেদের সাহায্য করুন।

**তুলা রাশি ঃ** ধনাগম হলেও অপব্যয় হবে এবং মানসিক অস্থিরতা বাড়বে। ব্যবসায় বাধা, প্রসার ব্যাহত হবে। শিল্পীদের পক্ষে শুভ। বিদ্যা লাভ, উচ্চশিক্ষা, গবেষণায় সাফল্য। সন্তান সুখ। গুরুজনদের স্বাস্থ্য সম্পর্কে সচেতনতার প্রয়োজন।

**প্রতিকার ঃ** মা লক্ষ্মীর পুজো করুন।

**বৃশ্চিক রাশি ঃ** শিল্পী, রাজনৈতিক ব্যক্তিত্ব ও সরকারী কর্মীদের শুভ। দম্পতিদের মনোমালিন্যের সম্ভাবনা। সন্তান সুখে বাধা। চাকরী ও ব্যবসায় সমস্যার সৃষ্টি হবে। উচ্চশিক্ষায় সাফল্য পাবে। স্বাস্থ্যহানির আশঙ্কা।

**প্রতিকার ঃ** প্রতিদিন ১১ বার 'ওং কেতবে নমঃ' জপ করুন।

**ধনু রাশি ঃ** ধনাগমে শুভ। কিন্তু ব্যয় বৃদ্ধির সম্ভাবনা। ব্যবসায় সাফল্য এলেও ব্যয় বৃদ্ধি পাবে। নিজের আচরণে ঝামেলায় পড়তে পারেন। পেটব্যথা ও সংক্রামক রোগ থেকে সাবধান। উচ্চশিক্ষায় সাফল্য। ভ্রমণের অভিলাষ।

**প্রতিকার ঃ** প্রতিদিন ৬ বার 'ওং ভাস্করায় নমঃ' জপ করুন।

**মকর রাশি ঃ** আর্থিক দিক দিয়ে সাফল্য। লটারী প্রাপ্তির সম্ভাবনা। মুদ্রণে সাফল্য। পায়ের সমস্যা, নার্ভের সমস্যা, ফুসফুসের সমস্যা হওয়ার আশঙ্কা। ধর্মকর্ম করায় আগ্রহ।

**প্রতিকার ঃ** ধন্বন্তরীর পুজো করুন।


**কুম্ভ রাশি ঃ** কর্মে বাধা। ব্যবসায়িক সাফল্য হলেও অর্থকড়ি আটকে থাকবে। দাম্পত্য শুভ। চাকরীতে সতর্কতার প্রয়োজন। সন্তানের পড়াশোনায় অমনোযোগীতা। ফুসফুস, হৃদপিন্ড ও উচ্চরক্তচাপের সমস্যা।

**প্রতিকার ঃ** বিষ্ণু সহস্রনাম জপ করুন।

**মীন রাশি ঃ** চাকরী, ব্যবসা ও কর্মে সাফল্য। শিক্ষার ক্ষেত্রে শুভ ফল পাবে না। ভাইয়ের সঙ্গে মনোমালিন্য, মান-সম্মান-জনপ্রিয়তা বাড়বে। ধর্মে আগ্রহ বাড়বে। স্বাস্থ্যহানির আশঙ্কা।

**প্রতিকার ঃ** প্রতিদিন ১০৮ বার 'ওঁ নম শিবায়' জপ করুন।

## শব্দবার্তা ১৮৩



শুভজ্যোতি রায়

**পাশাপাশি**

১। আশ্চর্যজনক ৪। পরশু, টাঙ্গি ৫। প্রচুর বিতরণে বল্লাল সেন রচিত গ্রন্থ ৬। অকপট, স্পষ্ট ৭। ঘোর অন্ধকার রাত্রি ৯। সমুদ্র ১১। নির্ধারণ, মীমাংসা ১২। আলতা।

**উপর–নীচ**

১। চাপরাশি ২। তর্কাতর্কি, ঝগড়া ৩। কেবল দেখবার জন্য উৎকট মোহ ৪। সরস্বতী নদী ৬। (আল.) অকিঞ্চিৎকর জিনিস ৭। বেরসিক ৮। রাত্রির অবসান, প্রভাত ১০। গৃহস্থ যোগী।

**সমাধান : ১৮২**

পাশাপাশি : ১। অপদস্থ ৪। গলি ৫। কদমকুসি, ৭। মনোজ্ঞ ৯। ধারণ ১০। হাতচালানো ১১। চাকি ১২। তলাতল।

উপর–নীচ : ১। অলি ২। দমদম ৩। আতসি ৪। গমনোদ্যত ৬। বুদ্ধির ঢেঁকি ৮। খোলামেলা ১০। হার্দিক ১১। চলে।

আলিপুর বার্তার সার্কুলেশনের জন্য যোগাযোগ করুন

এই নম্বরে ৯৮৭৪০১৭৭১৬

Alipur Barta: 56 year : Vol No.: 56, Issue No.13, 22 January - 28 January, 2022



# জয় হিন্দ

# ঐ আসে



শ্রী সত্যরঞ্জন বক্সী

আজ নেতাজীর জন্মদিন। শুভ জন্মদিনে তাঁকে বারবার নমস্কার জানাই এবং নিবেদন করি তাঁর কাছে প্রাণের সবটুকু গ্লানি ও বেদনার ভার।

এক অব্যক্ত ব্যথা রয়ে রয়ে গুমরে মনে ওঠে, একটা প্রশ্ন বারবার মনের দরজায় হানা দেয়। এই আমার দেশ? এই নেতাজীর স্বপ্নের দেশ। এই তো ভারতভূমি, যার মাটি, জল, ফল, নদী, গিরি, মানুষ দেখে দেখে, নেতাজী তাঁর কৈশোর যৌবন প্রৌঢ় অবস্থায় আনন্দ-বিভোর ছিলেন। দেখে দেখে স্বপ্ন রচনা যেন তাঁর 'আঁখি না ফেরে'। তাঁর ধ্যান,জ্ঞান, সাধনা দেশের প্রতি কণায় সর্ব বিস্তৃতিতে ব্যপ্ত হয়ে রয়েছে ''বসন্তের আনন্দের মতো'' এই সবটুকুই তিনি গ্রহণ করেছেন। এই সবটুকুই তাঁর প্রাণের ভিতরে লুট করেছেন, তাঁর স্বপ্নের সাধনার প্রয়াস অভিভূত করেছেন এর গৌরবে এবং দৈন্যে এর সুখে-দুঃখে আশায় আকাঙ্ক্ষায় তাঁর প্রাণের রাগিণী সহস্র সুরে বেজে উঠেছে। মা তুমি সুন্দরী, অশেষ ঐশ্বর্যশালিনী সুন্দরী। এই সোনায় গড়া তাঁর মাতৃভূমিকে কল্পনার মতো সুন্দর করে তুলবার জন্য একদিন শীতে অন্ধকারে নেতাজী নিষ্ক্রান্ত হলেন। সে আজ ২৮ বৎসর আগের কথা, এক অব্যক্ত আহ্বান রব তাঁর কানে ডাক দিল।

তারপর ভারতের আকাশে মেঘের পেছনে মেঘ ছুটে চলল। চাঁদ আচ্ছন্ন হল। একদিন অন্ধকারে মধ্যরাত্রে মাতৃঅঙ্গ যখন খণ্ডিত হল, মায়ের ছেলেরা গৃহহারা হল, আমরা তখন গগন বিদীর্ণ করে আনন্দে উল্লাসে মেতে উঠলাম। যে রক্ত প্লাবিত হল তার তুলনা ভারত-ইতিহাসেও বিরল। তারপর জয়ডঙ্কা শুরু হল; আদর্শ ভ্রষ্টতা, লোভ, দৈন্য, বিলাস-ব্যসন, বীভৎসতা, কালোবাজার- এক নৈরাজ্যবাদ অথবা বিকৃত জীবনবোধ আমাদের পেয়ে বসেছে। দ্বিজেন্দ্রলালের ভাষায় এক ''সুন্দরী বীভৎসতা।''



নেতাজী তুমি কোথায়- কি চাও? জগৎবাসী তোমাকে দেখেছে কোহিমা ইম্ফল রণাঙ্গণে। তোমার বাণী শুনেছে সিঙ্গাপুরে।

''ঈশ্বরের নামে, যে মনীষীরা ভারতের জনগণকে এক জাতিতে সংঘবদ্ধ করেছেন তাঁদের নামে, বীরত্ব ও আত্মাহুতির জ্বলন্ত ঐতিহ্যধারা সৃষ্টি করেছেন যে শহীদবৃন্দ তাঁদের নামে, আমরা ভারতীয় জনগণকে আমাদের পতাকাতলে সমবেত হয়ে ভারতের মুক্তিযুদ্ধের আঘাত হানবার জন্য আহ্বান জানাচ্ছি।''

''সমগ্র জাতির, জাতি ও দেশের প্রত্যেক অংশের সুখ ও সমৃদ্ধির পথ উন্মুক্ত।'' উন্মুক্ত করার শপথ তিনি গ্রহণ করলেন, উড্ডীন হল জাতীয় পতাকা। রক্তস্নানে ভারতমাতা তুষ্ট হলেন, রচিত হল এক বীরগাথা যা পরাজয় মানে না, পরাভব স্বীকার করে না। মৃত্যুকে অমৃতত্বে পরিণত করে রচিত হল এক আদর্শবাদের কাহিনী, যা যুগে যুগে সংগ্রামে, সংঘাতে, দুঃখে, কষ্টে যুগমানবাদের অন্তরে হয়েছে প্রতিভাত, অন্যায়কে করেছে পর্যুদস্ত। রচনা করেছেন মহত্তর ভবিষ্যতের ভিত্তি।

ভারতবাসী গাইল- জয়হিন্দ। জগৎবাসী শুনল নেতাজী জিন্দাবাদ। গগন বিদীর্ণ করে ভারতভূমি আনন্দে উল্লাসে মেতে উঠল। ভারতবাসী পেল অমৃতের স্বাদ। জয়হিন্দ ধ্বনিতে ধ্বনিত হল কোটি কণ্ঠের স্বচ্ছন্দ মুক্তি। ভারতরাষ্ট্রে 'পরিবর্তন' অবশ্যম্ভাবী হল। সমঝোতার প্রলেপ মেখে ১৯৪৭ সালে ভারতে এক পরিবর্তন। মুক্তি রইল দূরাপহত। ভারতবাসীর মনের মণিকোঠায় জেগে আছে সেই নিরুদ্দেশ ভারতপথিক নেতাজী। সামনে বিরাট অজানিত ''দৃষ্টি পেরিয়ে যাওয়া দূর।'' এই অন্ধকারের যাত্রী চলেছেন নূতন ভারতসৃষ্টির ব্যাকুলতায়। ভাগ্যচক্রের পরিবর্তন ঘটেছে। কালস্রোতের আবর্তন বিবর্তন দেখছি। নিরহঙ্কার ইতিহাস-পুরুষ রচনা করে চলেছেন মুক্তি সংগীত। তিনি চলেছেন চিন্তার দুঃসাহসে অনতিক্রান্ত প্রদেশে অসম্ভবের উদ্দেশ্য। ভারতের মহাসংগীতের সুরপতির কানে বাজছে কি? কোথায়, কোথায় সেই ভগীরথ যার প্রবল প্রাণের জাহ্নবীধারায় দেশ হবে অভিষিক্ত, জাতি হবে সঞ্জীবিত।

রবীন্দ্রনাথ একদিন তাঁকে আমাদের যাত্রানেতার পদে আহ্বান করেছিলেন। অগ্নিহোত্রী বিরাট পুরুষ তাঁর রুদ্রসাধনা করে চলেছেন। ''ঐ শোন তার গরজে কম্বু অম্বুধি যথা উছলে। প্রলয় ঝঞ্ঝাবজ্রপাতের মৃত্যুভীষণ কল্লোল''। ২৮ বৎসর পূর্বে যিনি নিজেকে অন্ধকারে ছড়িয়ে দিয়েছেন তাঁর আলোর অভিষেক সুদূরপরাহত হতে পারে না। এ সাধনায় ব্যর্থতা নেই। নেই ক্লান্তি, নেই শ্রান্তি। তাঁকে দেখেছি প্রতি মুহূর্তে আত্মচেতনার পরিমণ্ডলে, আত্মবিশ্বাসে নীরব দৃষ্টিপাতে। বীরোচিত আত্মসন্তোষের সুনিশ্চিত মুদ্রণ। এ দৃশ্য না, এ তার জীবনদর্শন।- ঐ আসে, ঐ অতি ভৈরব হরষে। ঐ আসে নূতন বৈশাখ- দেখা যায় নূতন দেশ, নূতন জাতি, নূতন মানুষ। নেতাজী জিন্দাবাদ।

**বানান মূলঅনুসারী। প্রথম প্রকাশ : 'ঋক', নেতাজী সংখ্যা, পৌষ-মাঘ ১৩৭৫ থেকে কৃতজ্ঞতার সঙ্গে সংকলিত।**



বাংলাদেশের স্বরাষ্ট্রমন্ত্রীর দ্বারা উদ্বোধন হল যাত্রা



ময়মনসিংহে যাত্রার প্রতিনিধি দলের সঙ্গে মেডিকেল কলেজের ছাত্র ছাত্রীরা



কক্স বাজারে পৌছল যাত্রা

# শুধু ভারতের কথাই চিন্তা করুন

**সুভাষচন্দ্র বসু**

ইতিহাসের এই সংকটময় মুহূর্তে, যে-সময় আমাদের চোখের সম্মুখে ইতিহাস সৃষ্টি হইতেছে, আমাদের সর্বাধিক পরিমাণে প্রয়োজন দলের কথা। কিংবা সংকীর্ণ স্বার্থের কথা না ভাবিয়া ভারতের কথা এবং শুধু ভারতের কথাই চিন্তা করা উচিত। ভারতের মুক্তি সাধনায় নিবেদিত হইলে কোনো ব্যক্তি বা দলের কোনো স্বার্থত্যাগকেই বড়ো বলিয়া মনে করা উচিত নয়।

বিশ্বপরিস্থিতি এরূপ পরিবর্তনশীল যে কোনো কোনো মহলে চিন্তাশক্তি স্তব্ধ করিয়া ঘটনাস্রোতের সহিত ভাসিয়া যাইবার একটা প্রবণতা দেখা যায়। কিন্তু আমাদের ভুলিয়া যাওয়া উচিত নয় যে যাহা কিছু ঘটিয়াছে কিংবা ঘটিতেছে তাহা আকস্মিক প্রকৃতির নয় বরং তাহা সযত্ন-রচিত পরিকল্পনা ও প্রস্তুতির ফল। আমাদের পক্ষে ইহা অনুমান করা মারাত্মক ভুল হইবে যে যেহেতু আমাদের রাজনৈতিক লক্ষ্য অর্জনের পক্ষে পরিস্থিতি অনুকূল স্বরাজ পাকা ফলের মতো আমাদের হাতের মুঠোয় আসিয়া পড়িবে।




দশদিন পূর্বে কলিকাতা ত্যাগ করার পর হইতে আমার ভিন্ন প্রদেশের ফরওয়ার্ড ব্লক প্রতিনিধিদের সহিত মিলিত হওয়া ছাড়াও ভারতের বহু অগ্রগণ্য রাজনীতিবিদ্ ও নেতার সহিত সাক্ষাৎ হইয়াছে। তাঁহাদের সহিত আলোচনার সময় আমি ফরওয়ার্ড ব্লকের নীতি ও কর্মসূচি তুলিয়া ধরার চেষ্টা করিয়াছে এবং তাহার পরিবর্তে নিজে আলোকিত হইতে চাহিয়াছি। সর্বাঙ্গীণ মতৈক্যে পৌঁছিবার দাবি করিতে না পারিলেও আমি সানন্দ বিস্ময়ে দেখিয়াছি যে অনেক বিষয়ে মতৈক্য রহিয়াছে। ইহার ফলে আমাদের সম্মুখে যে কর্তব্য রহিয়াছে সে সম্বন্ধে একটা পরিষ্কার ধারণা লইয়া আমি ফিরিয়া আসিয়াছি।

প্রথমত, অস্থায়ী জাতীয় সরকারের মাধ্যমে ভারতীয় জনগণের কাছে ক্ষমতা হস্তান্তরের একটি সম্মিলিত দাবি ব্রিটিশ সরকারের কাছে উপস্থাপনে আমাদের আর কালক্ষেপ করা উচিত নয়। এই উপলক্ষে ভারতীয় জনসাধারণ মিলিতকণ্ঠে দাবি উত্থাপন করিলে তাহা অপ্রতিরোধ্য হইবে। কোনোপ্রকার প্রতিশ্রুতির দ্বারা এমনকি এখন আংশিক ক্ষমতা হস্তান্তরের দ্বারাও আমাদের প্রলুব্ধ হওয়া উচিত নয়, কারণ আমাদের সুস্পষ্ট ধ্বনি হইল : 'ভারতের জনসাধারণের হাতে সকল ক্ষমতা চাই।'

কেন্দ্রে একটি জাতীয় মন্ত্রীসভা সহ প্রদেশগুলিতেও জাতীয় মন্ত্রীসভা গঠিত হওয়া উচিত। স্বাভাবিকভাবেই শেষোক্ত মন্ত্রিসভাগুলির আনুগত্য থাকিবে পূর্বোক্ত মন্ত্রিসভার নিকট। অধিকন্তু তাঁহারা এই পরিবর্তনের সময় আভ্যন্তরীণ শান্তি ও সম্প্রীতি বজায় রাখিবেন এবং স্থায়ী হিন্দু-মুসলমান সমস্যার স্থায়ী মীমাংসার পথ পরিষ্কার করিবেন। আমার প্রত্যয় আছে যে হিন্দু-মুসলমান সমস্যা সমাধানের অতীত নয়। কিন্তু আমরা যদি বাস্তব ও সুস্পষ্ট প্রশ্নগুলিতে মনোনিবেশ করি এবং যে-সব প্রশ্ন তাত্ত্বিক কিংবা বিমূর্ত-প্রকৃতির সেগুলি লইয়া অহেতুক যদি আমাদের সময় কিংবা শক্তিক্ষয় না করি, তবেই ইহার সমাধান হইবে। যেখানেই অবিলম্বে হিন্দু ও মুসলমানদের সহযোগিতা সম্ভব তাহার ব্যবস্থা করিলে তাহা ভবিষ্যতে এইরূপ সহযোগিতার ক্ষেত্র অবশ্যম্ভাবীরূপে বিস্তার করিবে।

আমরা যদি এখনই কেন্দ্রে জাতীয় মন্ত্রীসভা গড়িয়া তুলিতে না পারি তাহা হইলে প্রদেশগুলিতে জাতীয় সরকারের পরীক্ষা-নিরীক্ষা করিব কিনা- ইহা এই প্রসঙ্গে একটি গুরুত্বপূর্ণ প্রশ্ন। এই প্রশ্নে আমার উত্তর হইল : ''হ্যাঁ''। বর্তমানের গতিশীল অবস্থায় স্বরাজ পাইবার পথে যদি কোনো বাধার সৃষ্টি হয়, তবে প্রদেশগুলিতে জাতীয় সরকার শুধু আভ্যন্তরীণ সম্প্রীতি রক্ষায় ও হিন্দু-মুসলমান ঐক্য স্থাপনে বিশেষভাবে সহায়ক হইবে না, কেন্দ্রে ক্ষমতা অর্জনেও বিশেষভাবে সহায়ক হইবে।

নাগরিক প্রতিরক্ষা বাহিনী সম্পর্কিত পরিকল্পনা লইয়াও আমাদের অগ্রসহ হওয়া উচিত। কিন্তু এই বাহিনী যে ব্রিটিশ সরকারের বাহিনী হইতে সম্পূর্ণ স্বাধীন হইবে তাহা জনসাধারণকে বুঝাইয়া বলা প্রয়োজন। এই বাহিনীর কাজ হইবে আভ্যন্তরীণ শান্তি, সম্প্রীতি ও সদিচ্ছা বজায় রাখিতে সাহায্য করা, যাহাতে ভারতের স্বাধীনতা অর্জনে যখন মনোনিবেশ করিতে হইবে সে সময় ভারতীয়রা অন্তর্বিরোধ ও অন্তর্দ্বন্দ্বে লিপ্ত না হয়।

**সংবাদপত্রে প্রদত্ত বিবৃতি**
**সুভাষ-রচনাবলী ৬**



নেতাজি-নজরুল কাননে শিলান্যাস



চট্টগ্রামে মাস্টারদার স্মৃতিসৌধে শ্রদ্ধাজ্ঞাপন



ভারতের মধ্যমগ্রামে শুরু হলো যাত্রা

# ভারত জাগো

**সুভাষচন্দ্র বসু**

ইউরোপের ঘটনাবলী দ্রুত একটি সংকটের দিকে অগ্রসর হইতেছে। হল্যান্ডে নাৎসী আক্রমণের যে সংবাদ আমাদের নিকট আসিছে তাহা জার্মানীর বর্তমান শাসকগণের দৃঢ় সংকল্প ও নিষ্ঠুরতার এবং দ্রুত কর্মক্ষমতার স্পষ্ট ইঙ্গিত বহন করেন। যুদ্ধ আরম্ভ হইবার পর হইতে সম্ভবত নাৎসীদের স্ক্যান্ডিনেভীয় অভিযান ব্যতীত যাহা কিছু ঘটিয়াছে তাহা আমাদের বিস্মিত করে নাই; বস্তুত প্রকৃত ঘটনাবলী বহুল পরিমাণে আমাদের বিচার বিশ্লেষণকে সমর্থন করিয়াছে।

১৯৩৮-এর অক্টোবরে আমরা প্রকাশ্যে ইউরোপে আসন্ন যুদ্ধ-সংকটের কথা বলিতে আরম্ভ করি। ১৯৩৯-এর ফেব্রুয়ারিতে বঙ্গীয় প্রাদেশিক সম্মেলনের জলপাইগুনি অধিবেশনে যে প্রস্তাব গৃহীত হয় তাহাতে এই চিন্তা-ভাবনার প্রকাশ ঘটে এবং এই প্রস্তাবে ভারতের জাতীয় দাবি সম্বন্ধে ব্রিটিশ সরকারকে চরমপত্র দিবার কথা বলা হয়। ১৯৩৯-এর মার্চে ত্রিপুরী কংগ্রেসে জলপাইগুড়ি প্রস্তাব উত্থাপন করা হয় কিন্তু ইহা অসৌজন্যের সহিত প্রত্যাখ্যাত হয়। সে-সময় ইহা গৃহীত হইলে সরকারের নিকট চরম পত্র দেওয়া হইত, সঙ্গে সঙ্গে জাতীয় সংগ্রামের প্রস্তুতি আরম্ভ হইত এবং নির্ধারিত ছয় মাস সময় অতিক্রান্ত হইবার পর জাতীয় সংগ্রাম আরম্ভ হইত। কিন্তু এই ধরনের কিছুই ঘটে নাই। পক্ষান্তরে কংগ্রেস ওয়ার্কিং কমিটি বামপন্থী ধারার বিরুদ্ধে অভিযান আরম্ভ করেন। আজ পর্যন্ত সেই অভিযান অব্যাহত রহিয়াছে।

ত্রিপুরী কংগ্রেসের ছয় মাস পরে ১৯৩৯-এর সেপ্টেম্বরে ইউরোপে যুদ্ধ বাধে। যুদ্ধ বাঁধিবার সঙ্গে সঙ্গে অনেক মহলে আশা জাগে যে স্বাধীনতার জন্য সংগ্রাম আরম্ভের প্রস্তুতি হিসাবেসকল বিরোধের অবসান ঘটিবে। প্রদেশগুলিতে কংগ্রেসী মন্ত্রিসভাগুলির পদত্যাগ এই আশা আরো প্রবল করিয়াছিল, কিন্তু শীঘ্রই সে আশা তিরোহিত হয়। ব্রিটিশ সরকারের সহিত সংগ্রাম এড়াইবার জন্য নানা যুক্তি দেখানো হয়। আমাদের পক্ষ হইতে একাধিক কারণে একইভাবে অনবরত সংগ্রাম আরম্ভের দাবি করিয়া আসা হয়। এই বিবেচনার অন্তর্নিহিত একটি প্রধান কারণ ছিল যে ১৯৪০ সালের বসন্তকালে যুদ্ধ একটা সংকটপূর্ণ পর্যায়ে পৌছিবে এবং সেই অনুযায়ী আমাদের জাতীয় আন্দোলনের সময়সূচী নির্ধারণে আমাদের সচেষ্ট হইতে হইবে। ১৯৪০-এর বসন্তকালে ভারতে কোনো সংকটজনক পরিস্থিতি সৃষ্টি করিতে হইলে তাহার কয়েকমাস পূর্বে আমাদের অভিযান আরম্ভের প্রয়োজন ছিল। কিন্তু আমাদের যুক্তি ও আবেদন কাহারও হৃদয় স্পর্শ করে নাই। আমাদের বিরুদ্ধে এই যুক্তি উপস্থাপিত করা হইয়াছিল যে ইউরোপের সংকট যখন ১৯৪০-এর এপ্রিলের আগে আসিবে না তখন আমাদের আন্দোলন আরম্ভ করায় কোনো দ্রুততার প্রয়োজন নাই। মাসের পর মাস চলিয়া যায় আর আমাদের নেতারা কথার পর কথা বলিয়া চলেন এবং যুক্তির পর যুক্তি দেখাইতে থাকেন। কার্যকর কিছুই করা হয় নাই এবং ইতিমধ্যে ১৯৪০-এর



বসন্তকাল আসিয়া পড়ে। বসন্তের সঙ্গে সঙ্গে জার্মান সামরিক কার্যকলাপ আক্রমণাত্মক রূপ ধারণ করে। হঠাৎ এক সকালে ডেনমার্ক দখল করিয়া নরওয়ে আক্রমণ করা হয়। জার্মানী তড়িৎগতিতে আঘাত হানে। মিত্রপক্ষ বিস্মিত এবং তাহাদের রণকৌশলে বিপর্যস্ত হয়।

এখন হল্যান্ড আক্রান্ত হইয়াছে এবং সম্ভবত অবিলম্বে তাহার বিপর্যয় ঘটিবে। আরো কী কী বিস্ময় আমাদের জন্য অপেক্ষা করিয়া আছে তাহা কেহ বলিতে পারে না। লোকেরা ওলন্দাজ ইস্ট ইন্ডিজের উপর জাপানের আক্রমণের কথা বলিতেছেন। ইটালীয় বাহিনী আক্রমণের জন্য প্রস্তুত হইতেছে বলিয়া মনে হয়। ডুচে প্যালাজ্জো ভেনিজিয়র আলন্দ হইতে রণং দেহি বক্তৃতা করিতেছেন এবং বাহিরে জনতা ধ্বনি তুলিতেছে 'টিউনিসিয়া', 'টিউনিসিয়া'। নরওয়ে বিপর্যয়ের পর লন্ডনে মন্ত্রিসভা টলমল করিতেছে।

কিন্তু ভারত কী করিতেছে? ভারতের জাতীয় কংগ্রেস কী করিতেছে?

হিন্দু ও মুসলমানরা পরস্পর হইতে বিচ্ছিন্ন হইয়া পড়িতেছে। কংগ্রেসী দক্ষিণপন্থী শাখা ফরোয়ার্ড ব্লক ও কিষাণসভাকে কংগ্রেসের উর্ধ্বতন কর্তৃপক্ষের সাহায্য ছাড়াই চলিবার চেষ্টা করিতেছে। কী করা উচিত সে সম্বন্ধে কংগ্রেস উর্ধ্বতন কর্তৃপক্ষের কোনো স্থিরতা নাই এবং তাঁহাদের সংশয় ও মতিস্থিরতার মনোভাব কিছু পরিমাণে সংক্রামক ও মনোবল বিনষ্টকারী হইয়া উঠিয়াছে। মুসলিম লীগ জাতীয় দুর্দশা অপেক্ষা সাম্প্রদায়িক দুর্দশা লইয়া বেশি বিব্রত। এগুলির সম্মিলিত ফল হইয়াছে এই যে সামগ্রিকভাবে ভারত আজ পঙ্কে নিমজ্জিত। গতিশীল নেতৃত্বের অভাবে সামগ্রিকভাবে জনগণ তাঁহাদের গতিশীলতা হারাইয়া ফেলিয়াছেন বলিয়া মনে হয়।

আমরা কিভাবে দেশকে এই রাজনৈতিক অচল অবস্থা হইতে রক্ষা করিতে পারি, কিভাবে ভারতের স্বার্থে আন্তর্জাতিক সংকটকে কাজে লাগাইতে পারি এবং কিভাবে নিজেদের জন্য স্বাধীনতা অর্জন করিতে পারি? ইহাই এই মুহূর্তের সর্বাধিক গুরুত্বপূর্ণ সমস্যা।

প্রতিটি দিন যায় আর দুঃসহ বেদনায় নিজের হাত নিজে কামড়াইতে ইচ্ছা করে। এই বিলম্বিত মুহূর্তেও কি ভারতকে বাঁচাইবার জন্য কিছুই করা যায় না? ভারতের দাসত্ববদ্ধ জনগণ কি তাঁহাদের মহান ও প্রাচীন স্বদেশের স্বাধীনতা দাবি করিবার জন্য নিজেদের জড়তা ত্যাগ করিবেন না, নিজেদের তুচ্ছ মতভেদ ভুলিয়া যাইবেন না এবং সমবেতভাবে উঠিয়া দাঁড়াইবেন না?

আমাদের হৃত-সম্পদ ফিরিয়া পাইতে এবং জাতীয় মুক্তি অর্জন করিতে এই সংকট মুহূর্তে আমরা আমাদের অকিঞ্চিৎকর ভূমিকা পালন করিতে প্রস্তুত রহিয়াছি। কংগ্রেসের প্রধান কার্য নির্বাহক সংস্থা জাতিকে সংগ্রাম পুনরারম্ভের আহ্বান দিন। সেই মহান ও পবিত্র কার্য সম্পাদনে আমরা তাঁহাদের সহিত সারিবদ্ধ হইয়া দাঁড়াইব। জাতীয় সংগ্রামের গতিশীল কর্মসূচীর ভিত্তিতে কংগ্রেসের মধ্যে ঐক্য সাধিত হইতে পারে। আর তখন আমরা স্থায়ী ও দৃঢ় ভিত্তিতে হিন্দু-মুসলমান ঐক্য সাধনের জন্য আপ্রাণ প্রয়াস করিতে পারি।

ইউরোপ যখন জ্বলিতেছে তখন কে ৩৫ কোটি ভারতীয়ের সম্মিলিত দাবি প্রতিরোধ করিতে পারিবে? স্বাধীনতা এখন প্রায় নাগালের মধ্যে। আমাদিগকে শুধু সম্মিলিত শক্তিতে ইহাকে দখল করিতে হইবে। আমরা কি তাহা করিব?

**বানান মূল অনুসারী। সুভাষ রচনাবলী, ৬ ১১ মে ১৯৪০ 'ফরওয়ার্ড ব্লকে' দলীয় মুখপত্রে সম্পাদকীয় প্রতিবেদন**



কলকাতার কোদালিয়ায় নেতাজির পৈতৃক ভিটেতে




কটকে নেতাজি সংগ্রহশালায় যাত্রার প্রতিনিধি দল

মহানগরে



# জরুরি ওষুধ কমালো রাজ্য

**নিজস্ব প্রতিনিধি :** দীর্ঘ আন্দোলনের ধারাবাহিকতায় সরকারি স্বাস্থ্যব্যবস্থায় বিনা পয়সায় ওষুধ সরবরাহের যে দাবি অর্জিত হয়েছিল, তাকে পদদলিত করে গত এক বছরের বেশি সময় ধরে কোভিড কালে প্রতিবাদ না হতে



পারার সুযোগ নিয়ে ধীরে ধীরে প্রাথমিক, মাধ্যমিক (সেকেন্ডারি) এবং উচ্চতর (টার্শিয়ারি) চিকিৎসার ক্ষেত্রে পশ্চিমবঙ্গ রাজ্য সরকার ওষুধ সরবরাহ দ্রুত সংকুচিত করছিল। যার দরুণ ওষুধ না পেয়ে চিকিৎসা সম্পন্ন না করতে পারার হতভাগ্য সংখ্যা দিনদিন বৃদ্ধি পাচ্ছে। বর্তমানে মহকুমা ও স্টেট জেনারেল হাসপাতালে ওষুধ কমানোর নির্দেশ স্বাস্থ্য ব্যবস্থাকে কর্পোরেট মালিকের হাতে ছেড়ে দেওয়ার পথেই আরেকটি পদক্ষেপ। প্রসঙ্গত, ২০১৬ সালে প্রকাশিত যে ওষুধের তালিকা এ পর্যন্ত মেনে চলা হত, তাতে জরুরি ওষুধের তালিকায় ৬৪৪ ধরনের ওষুধ ছিল।

মেডিকেল সার্ভিস সেন্টারে'র পক্ষ থেকে আমরা দীর্ঘদিন ধরে দৃষ্টি আকর্ষণ করে আসছি। সরকারি স্বাস্থ্য ব্যবস্থায় ডাক্তার – নার্স – স্টাফ পরিকাঠামো কমিয়ে এনে, যে কার্যত চিকিৎসা প্রায় বন্ধ করে দিয়েছে রাজ্যের স্বাস্থ্য দফতর। আজ স্বাস্থ্য অধিকর্তার কথায় কার্যত তারই স্বীকৃতি পাওয়া গেল। এই সমস্যার জন্য মানুষ বাধ্য হয়ে বেসরকারি কর্পোরেট স্বাস্থ্য পরিষেবার খপ্পরে পড়ছে। যেভাবে স্বাস্থ্য সাথী কার্ড বাধ্যতামূলক করে সমস্ত মানুষের সরকারি হাসপাতালে বিনা পয়সায় চিকিৎসা পাওয়ার অধিকারকে খর্ব করতে শুরু করেছে মুখ্যমন্ত্রী তথা স্বাস্থ্যমন্ত্রী এবং তার সরকার, ঠিক সেই ভাবেই ওষুধ সরবরাহ সংকুচিত করে জরুরি ওষুধের তালিকা থেকে ২৮৩ টি ওষুধ ছাঁটাই করে আজকে মানুষের স্বাস্থ্যের অধিকার খর্ব করতে চাইছে। স্বাস্থ্য কর্পোরেট এবং ইন্সুরেন্স ব্যবসায়ীদের পাশাপাশি শক্তিশালী ফার্মা কর্পোরেট ওষুধ ব্যবসায়ী মুনাফাও সুনিশ্চিত করতে দায়বদ্ধ রাজ্য-কেন্দ্র। রাস্তায় নেমে আন্দোলন করতে না পারলেও ক্রিকরোস্থিত কলকাতা জেলার মেডিকেল সার্ভিস সেন্টারে'র আবেদন শুভবুদ্ধি সম্পন্ন মানুষ অনলাইনে প্রতিবাদ ধ্বনিত করুক। কোভিড চিকিৎসার দায়দায়িত্ব কীভাবে তৃণমূল সরকার ঝেড়ে ফেলতে চাইছে, তার বিরুদ্ধেও লাগাতার আন্দোলন গড়ে তুলুক। প্রসঙ্গত উল্লেখ্য, ১৯৯০ সালে তৎকালীন বামফ্রন্ট সরকারও তারাও বিশ্ব ব্যাঙ্কের সঙ্গে চুক্তি করে হাসপাতালের এই জরুরি ওষুধের তালিকা থেকে কমবেশি ৯০ টি ওষুধ বাদ দেয়। এই সিদ্ধান্তে মেডিকেল সার্ভিস সেন্টারে'র চিকিৎসকদের মতে, কোভিড নাইন্টিনের পর ওষুধের কাঁচামাল পেতে দেরি হওয়ায়, এমনিতেই ওষুধের জোগানে সমস্যা নিত্যদিন বৃদ্ধি পাচ্ছে। একই ওষুধের বিভিন্ন মাত্রা বা ক্ষমতা তালিকায় থাকলে একটির জোগানে সমস্যা হলে আরেকটি মাত্রার ওষুধ দিয়ে কাজ চালানো যেতো। এবার আর কোনও বিকল্প ওষুধ থাকছে না। এবার থেকে একই গোত্রের একধরণের ওষুধের জোগান না থাকলে রোগী ওষুধ না পেয়ে মারা যাবে।

# টাউন হলে পুর অধিবেশন

**বরুণ মণ্ডল :** কলকাতা পুরসংস্থার বর্তমান অষ্টম পুর বোর্ডের প্রথম মাসিক পুর অধিবেশন হবে কলকাতার ঐতিহ্যবাহী ঐতিহাসিক টাউন হলের সভাগৃহে। চলতি মাসের ২৮ জানুয়ারি ওই স্মরণীয় অধিবেশনটি



হওয়ার কথা। কিন্তু বর্তমান কোভিড পরিস্থিতির কথা মাথায় রেখে কলকাতা পুরসংস্থার বর্তমান কর্তৃপক্ষ মাসিক পুর অধিবেশনটি কেন্দ্রীয় পুর ভবনের ঐতিহ্যবাহী 'কাউন্সিল চেম্বারে' আয়োজন না করে পরিবর্তে কলকাতা পুরসংস্থার কর্তৃত্বাধীন টাউন হলে আয়োজনের ব্যবস্থা করছে। কারণ টাউন হলের সভাগৃহে অনেকটা বেশি জায়গা পাওয়া যাবে। সেখানে দূরত্ববিধি বজায় রেখে নিরাপদে বসতে পারবেন পুর প্রতিনিধিরা। এমনটাই জানিয়েছেন কলকাতার ফিরহাদ হাকিম। ১৭ জানুয়ারি টাউন হল পরিদর্শনে আসেন কলকাতার মহানাগরিক ফিরহাদ হাকিম, পুর অধ্যক্ষা মালা রায়, মেয়র পারিষদ দেবাশিস কুমার, পুর সচিব হরিপ্রসাদ মণ্ডলসহ পুরসংস্থার আধিকারিকরা। পরে মহানাগরিক ফিরহাদ হাকিম বলেন, টাউন হল কলকাতা পুরসংস্থার কর্তৃত্বাধীন। তাই ঐতিহ্যবাহী এই জায়গাই পুরসংস্থার গুরুত্বপূর্ণ মাসিক অধিবেশনের জন্য বেছে নেওয়া হয়েছে। এখানে অনেকটা জায়গা নিয়ে পুরপ্রতিনিধিদের বসার জায়গা করা যাবে। বর্তমান কোভিড পরিস্থিতিতে যা অত্যন্ত জরুরি।

মহানাগরিক আরও বলেন, কেন্দ্রীয় পুর ভবনের ঐতিহ্যবাহী 'কাউন্সিল চেম্বারে' জায়গা অপরিসর। কিন্তু কোভিড পরিস্থিতিতে সেখানে অধিবেশন বসলে কোভিড আক্রান্ত হওয়ার একটা প্রবল সম্ভাবনা থেকেই যায়। তাই আমরা একটা খোলামেলা জায়গা খুঁজছিলাম। তিনি আরও জানান, এর আগে ২০০৬ সালে বিকাশরঞ্জন ভট্টাচার্য মহানাগরিক থাকাকালীন একবার বিধানসভার অধিবেশন কক্ষে পুরসংস্থা মাসিক অধিবেশন বসিয়েছিলেন। তবে এখন পরিস্থিতি আলাদা। পুরসংস্থার কর্তৃত্বাধীন টাউন হলে আগামী ২৮ জানুয়ারি কলকাতা পুরসংস্থার বর্তমান পুর বোর্ডের প্রথম মাসিক অধিবেশন বসবে। অধিবেশন পরিচালনা করবেন বর্তমান অধ্যক্ষ মালা রায়। প্রসঙ্গত, কলকাতা পুরসংস্থার সর্বশেষ পুর অধিবেশন বসে ২০২০ সালের ৭ মার্চ কেন্দ্রীয় পুর ভবনের ঐতিহ্যবাহী 'কাউন্সিল চেম্বারে'।



১৯০৬ খ্রিস্টাব্দে প্রতিষ্ঠিত আলিপুর জেল 'আলিপুর ইনডিপেনডেন্স মিউজিয়ামে' বিবর্তিত হল।

ছবি – অরুণ লোধ

লেন্স বার্তা



দক্ষিণ দমদম পুরসভার কোভিড যুদ্ধ।



মাস্ক ছাড়াই বাড়িতে হাজির স্যানিটাইজ কর্মী, মুর এভিনিউতে।




বর্ষবরণ এর ফল,বহু এলাকা পরিণত হয়েছে মাইক্রো কনটাইনমেন্ট জোনে, সদ্য কাটলো গঙ্গাসাগর, ফল কী হবে কে জানে!



গ্রাহকদের দৃষ্টি আকর্ষণ করতে,প্যাকেজ ঘোষণা ফুল বিক্রেতার।





গ্যাস এর দাম আকাশছোঁয়া, তাই কাঠ ও ভাঙা ডালই ভরসা আধুনিক কলকাতার অনেক নিম্ন মধ্যবিত্ত মানুষের। ছবি : অভিজিৎ কর

# কারিগরি শিক্ষা দিবস

**নিজস্ব প্রতিনিধি :** ১২ জানুয়ারি থেকে যে যুব দিবসের মাধ্যমে যুব সপ্তাহের সূচনা হয়েছিল তা শেষ হলো ১৯ জানুয়ারি। নেহেরু যুব কেন্দ্র দক্ষিণ কলকাতার পক্ষ থেকে এই সপ্তাহটিকে মহা সমারোহে পালন করা হয়। ১৭ জানুয়ারি একটি পদযাত্রা শুরু হয় রামকৃষ্ণ মিশন ইনস্টিটিউট অব কালচারের সামনে থেকে এবং শেষ হয় লেক কালীবাড়ির কাছে। ১৮ জানুয়ারি কারিগরি শিক্ষা দিবস হিসাবে চেতলার হিন্দ সংঘে এক সম্মেলনের আয়োজন করা হয়েছিল। এই সম্মেলনে উপস্থিত ছিলেন হিন্দ সংঘের দুমাস ব্যাপী যে কারিগরী শিক্ষা প্রদান করা হচ্ছে সেই সব যুব-যুবারা। তারা কিভাবে এই কারিগরি শিক্ষাকে এগিয়ে নিয়ে




যেতে পারে তার দিকদর্শন করান কলকাতা ইউনিভার্সিটির আশুতোষ সেন্টেনারি সংগ্রহশালার কিউরেটর ড. দীপককুমার বড় পণ্ডা। এছাড়াও সেন্ট জেভিয়ার্সের দুই ছাত্র সৌরিক দাস এবং ওস্মিতা গুপ্তা এছাড়াও উপস্থিত ছিলেন ভি সি শ্রীকান্ত। এদিন একটি প্রদর্শনীরও আয়োজন করা হয় যে যে জিনিস কারিগরী শিক্ষার মাধ্যমে তৈরি করা হয়েছে গত দুমাস ধরে। ১৯ জানুয়ারি নেশা বিরোধী দিবস হিসাবে পার্ক সার্কাসে একটি সম্মেলনের আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন বিশিষ্টরা। তারা নেশার কুপ্রভাব বিস্তারিত ভাবে আলোচনা করেন যুবকদের সঙ্গে।

# সুতি খালে পলি, হচ্ছে পাম্পিং স্টেশন

**নিজস্ব প্রতিনিধি :** সুতি খাল দীর্ঘদিনের কঠিন পলিতে মজে গিয়েছে। ইস্টার্ন মেট্রোপলিটন বাইপাসের পূর্বস্থিত যাদবপুরের ১২ নম্বর বরোর অন্তর্গত ১০৯ নম্বর ওয়ার্ডের পৌর প্রতিনিধি প্রাক্তন বিমানসেবিকা অনন্যা বন্দ্যোপাধ্যায়ের অনুযোগ এই ওয়ার্ডে কেইআইআইপি'র তত্ত্বাবধানে এডিবি'র অর্থে প্রায় ১২৫ কোটি টাকা ব্যয় করে প্রায় এক বিঘা জলাজমি ভরাট করে নিকাশি পাম্পিং স্টেশন ও ৭০ কিলোমিটার দীর্ঘ ভূগর্ভস্থ পাইপ লাইনের নির্মাণ কাজ শুরু হল। কাজ শেষ হতে দু'বছর লাগবে। কিন্তু বর্ষার জমা জল না বের হওয়ার মূল যে সমস্যা রাজ্যের সেচ দফতর যদি সুতি খালের দীর্ঘ দিনের জমাট বাঁধা পলির সংস্কার না করে, তবে এই বিশাল অঙ্কের টাকা ব্যয় করে তৈরি পাম্পিং স্টেশন দিয়ে বর্ষার জমা জল তুলে ফেলেও কাজে লাগবে না বলে আশঙ্কা অনন্যার। প্রসঙ্গত, গত অক্টোবরে ভারী থেকে অতি ভারী বৃষ্টির পর প্রায় ১১ দিন বর্ষার জমা জলে বন্দি ছিল যাদবপুরের মুকুন্দপুর, পূর্বালোক, নয়াবাঁধ, অজয়নগর, নিতাইনগর, দাশপাড়া, ছিটকালিকাপুরের বহু বিলাসবহুল আবাসনের বাসিন্দা। জমা জলে নাকাল হয়ে চরম দুর্ভোগে পড়েন তাঁরা। ২০ জানুয়ারির এই নতুন নিকাশি পাইপলাইন বসানোর সূচনার দিনে মহানাগরিক ফিরহাদ হাকিম বলেন, এই ১০৯ নম্বর ওয়ার্ডের প্রায় সাত বর্গ কিলোমিটার এলাকার বর্ষার জমা জল এই প্রকল্পের দ্বারা সরানো হবে। এদিনের প্রকল্পের সূচনা অনুষ্ঠানে স্থানীয় বিধায়ক মেয়র পারিষদ দেবব্রত মজুমদার, এই প্রকল্পের দায়িত্বপ্রাপ্ত সংস্থা কেইআইআইপি'র আধিকারিকরা উপস্থিত ছিলেন। প্রসঙ্গত, এবার কী বেহালা পশ্চিমস্থিত ১২৫, ১২৬, ১২৭ নম্বর ওয়ার্ডে একই ধরনের ভূগর্ভস্থ পয়ঃপ্রণালি ও নিকাশি নালার নির্মাণ কাজের সূচনা হবে। সেই আশায় কী ওয়ার্ডগুলির বাসিন্দারা!

# ৭৫ বছর উদযাপনে একত্রিত হলেন ভারতের পটশিল্পীরা

**শ্রীজাতা সাহা সাহ :** পশ্চিম মেদিনীপুরের খড়গপুর মহকুমার পিংলা ব্লকের একটি প্রত্যন্ত গ্রাম নয়া। এখানে বসবাস করেন প্রায় ১০০র-ও বেশি পটচিত্রকর। সাধারণভাবে এঁদের ডাকা হয় পটুয়া বলে। এই পটশিল্পীরা পট ঐতিহ্যকে পুনরুজ্জীবিত করতে একান্তভাবে প্রয়াসী হয়েছেন। একটি লম্বা কাপড়ে খোপ কেটে কেটে তাতে ছবি আঁকা হয় প্রাকৃতিক রঙ ব্যবহার করে। সেই পটচিত্রে কি কাহিনী বর্ণিত হয়েছে রং-তুলির টানে তা জানানো হয় সঙ্গীত সহযোগে। এইটিই পটচিত্রের পরিচিতি।


পশ্চিম মেদিনীপুর জেলার নয়া গ্রামবাসী যশস্বী পটচিত্র শিল্পী বাহাদুর চিত্রকর এই শিল্প শিখেছিলেন তাঁর বাবা-মায়ের কাছ থেকে। তাঁদের কাছ থেকে শিক্ষা নিয়ে ওই শিল্পকলা সমৃদ্ধির পথে এগিয়ে নিয়ে যেতে এখনও চালিয়ে যাচ্ছেন পারিবারিক শিল্প। বাহাদুরের বিশেষত্ব কালীঘাট পটচিত্র আঁকায়-ও। তিনি পট আঁকেন রামায়ণ, মহাভারত এবং সমকালীন সামাজিক বিষয় নিয়ে- যেমন বৃক্ষরোপণ, বাল্য বিবাহ, লিঙ্গ বৈষম্য ইত্যাদি। বর্তমানের অতিমারী পরিস্থিতি, ভারতের স্বাধীনতা সংগ্রাম, নেতাজী, ক্ষুদিরাম, মাতঙ্গিনী হাজরা, বিনয়-বাদল-দীনেশের মতো যশস্বী বিপ্লবীদের আত্মবলিদান নিয়েও ছবি এঁকেছেন তিনি।

বস্তুত, পটুয়ারা সামাজিক এবং অর্থনৈতিক সব রকম নিপীড়নের শিকার হয়েছেন একসময়ে। তবুও তাঁরা সব রকম প্রতিকূলতা অতিক্রম করে বেঁচে থাকার লড়াই চালিয়ে যাচ্ছেন এখনো, সে পরিস্থিতি যতোই খারাপ হোক না কেন।

বাহাদুর টেলিফোনে জানালেন, প্রথম প্রথম তাঁরা গ্রামে গ্রামে যেতেন মনোরঞ্জনকারী হিসেবে। ছবি দেখাতেন আর কাহিনী বর্ণনা করতেন নিজেদেরই সুর দেওয়া গান গেয়ে। গ্রামের বাড়িতে বাড়িতে গান করলেও পরিবর্তে কী পাওয়া যাবে তার কোনো নিশ্চয়তা ছিল না। অনেকদিনই ফিরতে হতো খালি হাতে, খাবার কিছু থাকতো না। তবে, ইদানীং বিভিন্ন মেলা, আন্তর্জাতিক মঞ্চে এই ধরণের শিল্পকলার সমাদর হওয়ায় তাদের জীবনে প্রাণের স্পন্দন ফিরে এসেছে।

বাহাদুর আরও জানালেন, বর্তমান প্রজন্ম আরও অনেক কাজের সঙ্গে যুক্ত। তবে, তিনি মনে করেন, তাঁরা পটচিত্রকে সম্পূর্ণভাবে ভুলে যাবেন না। কারণ, তাঁরা পট এঁকে মানসিক আনন্দ পান। বাহাদুরের দুই সন্তান এখনো সকাল থেকেই পটচিত্র আঁকতে বসে। তারা সকলেই এই কাজ করে। এই ভাবেই ঐতিহ্য বয়ে চলে।

বাহাদুর, তাঁর ছাত্র-ছাত্রীরা-



মনোরঞ্জন চিত্রকর, বাপি চিত্রকর, সাবিনা চিত্রকর, সমীর চিত্রকর, রঞ্জন চিত্রকর, সালেমা চিত্রকর, ময়না চিত্রকর, মলয় চিত্রকর এবং আরও অনেকে সদা সচেষ্ট এই ঐতিহ্যবাহী পট আঁকার কাজকে বাঁচিয়ে রাখার জন্য।

তবে, বাহাদুর এও মনে করেন, এদের আর-ও প্রশিক্ষণ প্রয়োজন। ভালো হয় যদি একটি গুরুকুল বা বিদ্যালয় থাকে- যেখানে তারা ছবি আঁকা এবং গান শিখতে পারবে। তাদের শিল্পকলা অনুশীলন আর-ও মজবুত করার জন্য প্রয়োজন প্রশিক্ষণ। বাহাদুর এই কাজ হাতে নিয়েছেন তাঁর স্বল্প ক্ষমতার মধ্যেই এবং কঠোর পরিশ্রম করছেন। পাশাপাশি, চিরাচরিত এই শিল্পকলাকে সংরক্ষণ করার কাজেও সচেষ্ট হয়েছেন। এজন্য বাড়ির লাগোয়া একটি ছোট সংগ্রহশালা তৈরি করেছেন যার নাম 'পটচিত্র মিউজিয়াম'। এখানে ৫ হাজার সংরক্ষিত বস্তু রয়েছে। শুধুমাত্র পুরোনো পটচিত্রই নয় রাজ্যের বিভিন্ন জায়গা থেকে সংগৃহীত পুঁথিও রাখা হয়েছে যত্নের সঙ্গে, ভালোবাসার সঙ্গে।

বাহাদুর এবং তার দলের পাশাপাশি, ওড়িশা, বিহার এবং ঝাড়খন্ডের পটুয়ারা সম্প্রতি 'কলাকুম্ভ-আজাদী কা অমৃত মহোৎসব' বা শিল্পী কর্মশালায় অংশ নেন চণ্ডীগড় এবং ভুবনেশ্বরে। প্রায় ৭৫০ মিটার লম্বা পটে তাঁরা ফুটিয়ে তোলেন ভারতের স্বাধীনতা সংগ্রামের অচেনা-অজানা নায়কদের শৌর্যের কাহিনী। এই বিশাল পটে আঁকা শিল্প-ই ২০২২-এর সাধারণতন্ত্র দিবসে এক স্বতন্ত্র রূপ নিতে চলেছে সংস্কৃতি মন্ত্রক এবং প্রতিরক্ষা মন্ত্রকের ব্যবস্থাপনায়।

প্রসঙ্গত, সংস্কৃতি মন্ত্রকের উদ্যোগে ফ্ল্যাগশিপ কর্মসূচির অঙ্গ হিসেবে এই কর্মশালাদুটিতে ওড়িশা, ঝাড়খণ্ড এবং পশ্চিমবঙ্গের পটশিল্পীদের আঁকা স্বাধীনতা সংগ্রামের বীর যোদ্ধাদের অবদান বিষয়ক পটচিত্র প্রদর্শিত হয়। শিল্পীরা ওই কর্মশালাতে বসেই পটচিত্রগুলি সৃষ্টি করেন। নতুন দিল্লির ন্যাশনাল গ্যালারি অফ মডার্ন আর্ট, ওড়িশায় ভুবনেশ্বরের কলিঙ্গ ইন্সটিটিউট অফ টেকনোলজি এবং সিলিকন ইন্সটিটিউট অফ টেকনোলজির সহযোগিতায় ২০২১-এর ১১ থেকে ১৭ ডিসেম্বর ভুবনেশ্বরে এবং চিকারা বিশ্ববিদ্যালয়ের সঙ্গে ২০২১-এর ২৫ ডিসেম্বর থেকে ২০২২-এর ২ জানুয়ারি পর্যন্ত চণ্ডীগড়ে এই কর্মশালার আয়োজন করা হয়।

'কলাকুম্ভ- আজাদি কা অমৃত মহোৎসব' বৈচিত্র্যের মধ্যে ঐক্যের প্রতিফলন ঘটানোর পাশাপাশি, প্রগতিশীল ভারতের ৭৫ বছর উদযাপন, এ দেশের মানুষ, সংস্কৃতি এবং সাফল্যের উজ্জ্বল ইতিহাস সৃষ্টি করার লক্ষ্যে ভারত সরকারের অনুপম উদ্যোগগুলি সুন্দরভাবে তুলে ধরেছে। ওড়িশার গঞ্জাপা তাস, পটচিত্রের স্রষ্টারা, বা ওই রাজ্যের-ই সৌরাশিল্পীরা, বিহারের মধুবনী ও মঞ্জুসা শিল্পীরা, ঝাড়খন্ডের গোধনা ও সোহরাই দেওয়াল চিত্রকর এবং পশ্চিমবঙ্গের পটশিল্পীরাই শিল্পসৌকর্যে ফুটিয়ে তুলেছেন আমাদের স্বাধীনতা সংগ্রামের অপরিচিত নায়কদের শৌর্য বা বীরত্বের কাহিনী প্রাকৃতিক রং ও তুলির টানে, যা নতুন দিল্লির রাজপথে এ বছর সাধারণতন্ত্র দিবসের কুচকাওয়াজে অতিরিক্ত আকর্ষণ হিসেবে প্রত্যক্ষ করা যাবে।

www.alipurbarta.org facebook.com/alipur.barta.5 9062201905 alipurbarta1966@gmail.com alipur_barta@yahoo.co.in

Printed by Sudhir Nandi Published by Sudhir Nandi on behalf of Nikhil Banga Kalyan Samity and Printed at Nikhil Banga Prakasani, Vivek Niketan, Vill- Samali, P.O.- Nahajari, P.S.-Bishnupur, South 24 Parganas and Published at 57/1A, Chetla Road, Kolkata- 27. Editor: Dr. Jayanta Choudhuri.

নিখিলবঙ্গ কল্যাণ সমিতি-র পক্ষে সুধীর নন্দী কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত এবং নিখিলবঙ্গ প্রকাশনী, বিবেক নিকেতনে, গ্রাম-সামালি, পোস্ট-ন'হাজারি, থানা-বিষ্ণুপুর, দক্ষিণ ২৪ পরগনা হইতে মুদ্রিত এবং ৫৭/১এ, চেতলা রোড, কলকাতা-৭০০ ০২৭ (ফোন-২৪৭৯-৮৫৯১) হইতে প্রকাশিত। সম্পাদক : ড. জয়ন্ত চৌধুরী। সহ সম্পাদক : কুণাল মালিক। ফ্যাক্স নং : ০৩৩-২৮৩৯-১৫৪৪, ই-মেল-alipur_barta@yahoo.co.in/alipurbarta1966@gmail.com